তারিখে রাজধানীর পূর্বাচলস্থ বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিবিসিএফইসি) এ মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি-এর উপস্থিতিতে ৭১টি প্রতিষ্ঠানকে বিভিন্ন ক্যাটাগরিতে স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ ট্রফি প্রদান করা হয়। জাতীয় রপ্তানি ট্রফি ২০১৯-২০ প্রদান অনুষ্ঠান বিগত ১৬ এপ্রিল, ২০২৩ খ্রি: তারিখে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে মোট ৭১টি প্রতিষ্ঠানকে জাতীয় রপ্তানি ট্রফি প্রদান করা হয়। জাতীয় রপ্তানি ট্রফি ২০২০-২১ এর ট্রফি প্রাপক নির্বাচন প্রক্রিয়া বাণিজ্য মন্ত্রণালয়ে চলমান রয়েছে। এছাড়া প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক রপ্তানি ট্রফি ২০২১-২২ এর আবেদনসমূহের বাচাই-বাছাই সম্পন্ন করে পরবর্তী কার্যক্রমের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি)

রপ্তানিকারকদের মধ্যে প্রতিযোগিতার সুষ্ঠু আবহ তৈরির লক্ষ্যে সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ এর আলোকে সুনির্দিষ্ট মানদন্ড পূরণ সাপেক্ষে মোট ১৮৮ জন কে বিভিন্ন খাতে সিআইপি কার্ড প্রদান করা হয়। এ লক্ষ্যে সার্বিক দায়িত্ব ব্যুরোর পণ্য বিভাগ পালন করে থাকে। ১৯ টি পণ্য ও সেবা খাত হতে রপ্তানিতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ মোট ১৪০ জন কে

ceremony took place at the Bangabandhu Bangladesh-China Friendship Exhibition Center (BBCFEC) on 22nd November 2022 in the auspicious presence of honorable Commerce Minister Mr. Tipu Munshi, MP. A total of 72 companies were awarded with Gold, Silver and Bronze trophies for the FY 2018-2019.Consequently, National Export Trophies for FY 2019-2020 were awarded to 71 companies /organizations on April 16, 2023 at Hotel Intercontinental of the capital city. Selection of the recipients of National Export Trophies for FY 2020-2021 is now under process. The Primary Selection Committee scrutinized applications for the National Export Trophies for FY 2021-22 findings were communicated to the ministry of commerce.

## Commercially Important Person (CIP)

A total of 188 people have been awarded CIP cards in various sectors accomplishing the fulfillment of specific criteria of CIP (Export) Policy-2013. The aim of the award is to create a fair and competition environment. A total of 140 people were awarded CIP (Export)-2021 and 40 business leaders ex officio CIP




Honorable Commerce Minister awarded and hand over the CIP (Trade) Card -2021 to an eminent Business Leader

সিআইপি (রপ্তানি)-২০২১ এবং ৪০ জন ব্যবসায়ী নেতৃবৃন্দকে পদাধিকার বলে সিআইপি (ট্রেড)-২০২১ সম্মানে ভূষিত করা হয়। মাননীয় বাণিজ্য মন্ত্রীর উপস্থিতিতে গত ২৫ জুন, ২০২৩ খ্রি: তারিখ রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও-এ সিআইপি (রপ্তানি ও ট্রেড)-২০২১ কার্ড প্রদান করা হয়। সিআইপি-২০২২ ও ২০২৩ চূড়ান্তকরণার্থে যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারির কারণে ২ বছরের সিআইপি কার্ড প্রদান স্থগিত থাকে। অপরিত্যাজ্য পরিস্থিতি ও সিআইপি কার্ড প্রদান প্রক্রিয়া নিয়মিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিআইপি-২০১৯ ও সিআইপি-২০২০ কার্ড প্রদান বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করে এবং তা বাস্তবায়িত হয়।

## বাণিজ্য বিরোধ নিষ্পত্তি

বৈদেশিক বাণিজ্যে বাংলাদেশী রপ্তানিকারক ও বিদেশী আমদানিকারকদের মধ্যে প্রায়শই সৃষ্ট বাণিজ্য বিরোধ সম্পর্কিত অভিযোগ ব্যুরোতে দাখিল করা হয়। দেশের ব্যবসায়িক ভাবমূর্তি উন্নয়ন এবং বৈদেশিক বাণিজ্যের ক্রমধারা ধরে রাখার লক্ষ্যে সৃষ্ট বিরোধের সন্তোষজনক নিষ্পত্তির জন্য পণ্য বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে থাকে। ২০২২-২৩ অর্থবছরে নানা পক্ষ থেকে এ বিষয়ে ১০টি বাণিজ্য অভিযোগ ব্যুরোতে দাখিল হয় তন্মধ্যে তিনটি অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়।

## সমীক্ষা/জরিপ

রপ্তানিকারকদের অনুকূলে আধুনিক ও উন্নত সেবা প্রদানের লক্ষ্যে ১৪টি রপ্তানি-সহায়ক সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং বিদ্যমান সমস্যা সমাধানের সুপারিশ প্রণয়নার্থে ব্যুরোর পৃষ্ঠপোষকতায় একটি জরিপ কার্যক্রম শেষ হয়েছে।

উক্ত জরিপের অংশ হিসেবে বাংলাদেশের পাশাপাশি ভারত, শ্রীলংকা, ইন্দোনেশিয়া এবং ভিয়েতনামের রপ্তানি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর উত্তম চর্চা বাংলাদেশের প্রেক্ষাপটে প্রয়োগের সম্ভাব্যতা যাচাই করা হয়। সংশ্লিষ্ট বিষয়ে ভ্যালিডেশন সভা আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। উক্ত গবেষণায় লব্ধ ফলাফলসমূহ বাংলাদেশের রপ্তানি বাণিজ্য ত্বরান্বিত করতে অনন্য ভূমিকা পালন করবে মর্মে আশা করা যায়।

## বর্ষপণ্য-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী পাট ও পাটজাত পণ্যকে ২০২৩ সালের বর্ষপণ্য হিসেবে ঘোষণা করেছেন। এ প্রেক্ষিতে পাটজাত পণ্যের উৎপাদন ও বহুমুখী ব্যবহার বৃদ্ধির পাশাপাশি এ পণ্যখাতের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে জাতীয় পর্যায়ে একটি সেমিনার আয়োজন ও একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(Trade)-2021 in recognition of outstanding contribution to exports of 19 goods and services sectors. CIP (Exports & Trade)-2021 card was issued at Pan Pacific Sonargaon in the capital on June 25, 2023 in the presence of Hon'ble Commerce Minister. Verification process is going on for finalization of CIP-2022 and 2023. Due to the global Covid-19 pandemic, the issuance of CIP cards for 2 years has been postponed.

## Trade Dispute Resolution

Commodities Division takes necessary actions to resolve such disputes with an aim to thriving sustaining the sequence of foreign trade and to develop the image of the country in business arena. During FY 2022-2023 a number of 10 complaints has been lodged at EPB from different parties concerned and three have been settled.

## Undertaking Survey/Study

With a view to ensuring modern and sophisticated services in favour of the exporters a study on the capacity, bottlenecks, ways to overcome the drawbacks among 14 export-supporting organizations of Bangladesh, has already been performed under auspices of EPB.

Apart from the Bangladeshi agencies feasibility on good practices embraced by India, Sri Lanka, Indonesia and Vietnam has been taken into consideration in this study. Arrangements are being made to organize a validation workshop in this connection to finalise the recommendations. It is expected that outcome of this study will play significant role in promoting the export trade of Bangladesh.

## Product of the Year for 2023

The Honorable Prime Minister of the Government of the People's Republic of Bangladesh has declared Jute and Jute products as the Product of the Year for 2023. Following this declaration, actions to organize a Seminar at national level and to prepare a time-bound action plan have been undertaken. Furthermore, articles to encourage people in cultivation jute and




Seminer on "Development of Handicrafts and National Handicraft Expo-2023"

এছাড়া রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে পাট ও পাটপণ্যের উৎপাদন ও বিপণনে জনগণকে উদ্বুদ্ধকরণার্থে পণ্য বিভাগের মাধ্যমে গণমাধ্যমে প্রবন্ধও প্রকাশ করা হয়েছে।

## পণ্য ভিত্তিক অন্যান্য কার্যক্রম

জাতীয় রপ্তানি উন্নয়নের স্বার্থে হালাল খাদ্য-সামগ্রী রপ্তানি সংক্রান্তে বিএসটিআই কর্তৃক গঠিত ওআইসি'র গাইডলাইন মোতাবেক বাংলাদেশ হালাল স্ট্যান্ডার্ড নির্ধারণ কমিটি, হালাল পণ্য উৎপাদনকারী নির্বাচন, আংশিক রপ্তানিমুখী শিল্পের অনুকূলে বন্ড সুবিধা এবং নতুন নতুন পণ্য রপ্তানিতে নগদ সহায়তার সুপারিশ, ফার্নিচার খাতে বৈদেশিক বিনিয়োগ আকৃষ্টকরণ সংক্রান্তে স্ট্যাটেজি পেপার প্রণয়ন, আম ও আগর-আতর রপ্তানিতে সমস্যা ও সম্ভাবনা নিরূপণ ইত্যাদি কার্যক্রমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ব্যুরোর পণ্য বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

পণ্য উন্নয়ন বিভাগ দেশের রপ্তানি বৃদ্ধিকল্পে সময়ে সময়ে রপ্তানি সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সংস্থা, রপ্তানিকারক, চেম্বার/এসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে সভার আয়োজন এবং রপ্তানি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত সভা, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ করে। এছাড়া এ বিভাগ রপ্তানি বাণিজ্যের স্বার্থে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর অনুরূপ কার্যক্রমের আয়োজন করে থাকে।

production of jute goods have been published by the Commodities Division of EPB.

## Product-Specific other activities

In order to expedite the national export trade of the country Commodities Division plays active role in fixing Bangladesh Halal Standards, recommendations for Bond Facility in favor of partially exporting sectors, endorsement of new products for Cash Incentive, working on the committee concerned at BIDA for formulation of Strategy Paper on attracting FDI, identifying problems and prospects in promoting export of Mango and Agarwood/Aator.

Commodities Division participate in meetings, seminars, workshops on export trade which are organized by the Ministries, Trade Bodies and Organizations concerned. This Division also organises similar programs as are relevant with export trade.

## মেলা ও প্রদর্শনী বিভাগ

দেশের রপ্তানি পণ্যের নতুন নতুন বাজার সৃষ্টি এবং বিদ্যমান বাজারসমূহ সুসংহত করার ক্ষেত্রে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ একটি কার্যকর পদক্ষেপ হিসেবে বিবেচিত হয়ে আসছে। বিশ্বায়নের বর্তমান প্রেক্ষাপটে রপ্তানি বাজার সম্প্রসারণের লক্ষ্যে সমন্বিত বাজারজাতকরণ নীতি অনুসরণ করা একান্ত আবশ্যক। দেশের রপ্তানি বৃদ্ধির উদ্দেশ্যে উন্নতমানের রপ্তানি পণ্য বিদেশী ক্রেতাদের কাছে প্রদর্শনের লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর উদ্যোগে প্রতিবছর বিভিন্ন আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ এবং বিভিন্ন দেশে বাংলাদেশি পণ্যের একক বাণিজ্য মেলা আয়োজন করা হয়ে থাকে। ব্যুরো মূলত চার ধরনের মেলায় অংশগ্রহণের মাধ্যমে বাজার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে। সে গুলো হচ্ছে : (১) সোর্সিং মেলা (Sourcing Fair), (২) ভোক্তা মেলা (Consumer Fair) (৩) একক দেশীয় বাণিজ্য মেলা (Single Country Trade Fair) (৪) থিম্যাটিক মেলা (Thematic Fair)। ব্যুরোর ব্যবস্থাপনায় অংশগ্রহণকারী বাণিজ্য মেলার প্রায় ৯০% মেলা সোর্সিং প্রকৃতির এবং এ সকল মেলায় দেশের নেতৃস্থানীয় রপ্তানিকারক প্রতিষ্ঠানসহ নতুন ও সম্ভাবনাময় রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ অংশগ্রহণপূর্বক নতুন নতুন ক্রেতা অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান বাজারের আরও গভীরে প্রবেশসহ নতুন রপ্তানি গন্তব্য অন্বেষণের প্রচেষ্টা গ্রহণ করে ।

বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ এবং একক বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে দেশের রপ্তানিকারক তথা বেসরকারি খাতকে বিপণন সহায়তা প্রদান করা হয়। ব্যুরোর অধীন অংশগ্রহণকারী রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহকে অংশগ্রহণ ফি এর উপর ৩০% থেকে ৫০% ভর্তুকি প্রদান করা হয়। মেলায় অংশগ্রহণের ফলে আয়োজক দেশ ও অংশগ্রহণকারী দেশসমূহের সাথে আমাদের বাণিজ্যিক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও সুদৃঢ় হওয়ার পাশাপাশি রপ্তানি প্রবৃদ্ধি এবং বিনিয়োগ প্রসারেও অনন্য ভূমিকা পালন করে। নারী ক্ষমতায়নের বিষয়টি বিবেচনায় নিয়ে মহিলা উদ্যোক্তাদের তৈরীকৃত পণ্যাদি আন্তর্জাতিক পর্যায়ে তুলে ধরার জন্যও বিশেষ সহযোগিতা প্রদান করা হয়। আন্তর্জাতিক পরিমন্ডলে নারী উদ্যোক্তাদের ব্যবসায়ে উৎসাহিত করার জন্য অংশগ্রহণ ফি এর উপর উইমেন এন্টারপ্রেনারদের (Women Enterprenuer) সর্বোচ্চ ৬০% আর্থিক সুবিধা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, দি নেদারল্যান্ড ভিত্তিক সংস্থার বাণিজ্য সহায়ক প্রতিষ্ঠান Centre for the Promotion of Imports fromdeveloping countries (CBI) এর সহায়তায় মেলায় অংশগ্রহণের Standard Operating Procedure (SOP) তৈরী করা হয়েছে। যার মাধ্যমে রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ দক্ষ এবং কার্যকরভাবে মেলায় অংশগ্রহণ করতে পারছে। এ ছাড়া Counseling Desk এর মাধ্যমে নবীন এবং নারী উদ্যোক্তাদের One Stop Service প্রদান করা হচ্ছে ।

## Fair and Display Division

Participation in international trade fairs across the globe has been considered as an operative marketing tool to explore new markets and consolidate the existing market abroad. It is indispensable to pursue an integrated marketing plan to expand the export market under the perview of Globalization. Export Promotion Bureau (EPB) participates in a good number of International Trade Fairs and organizes Single Country Trade Fair/ Conference/ Match-Making Meetings across the globe each financial year under its market diversification initiative for creating a market of our exportable. EPB generally participates in four types of fairs with the aim of implementing the annual market development program. These are 1. Sourcing Fair, 2. Consumer Fair, 3. Single Country Trade Fair, and 4. Thematic Fair. 90% of the fairs in which the Bureau participates are Sourcing Fair in nature, and the leading as well as new potential exporters of the country take part to find new buyers by penetrating the existing market and exploring new export destinations.

The activities undertaken by EPB through such participation in the international trade fair as well as single-country trade fairs are also intended to provide direct marketing support to the private sector. The export-oriented companies that participate under the banner of EPB enjoy the benefit of 30% to 50% subsidies. Participating in international trade fairs also strengthens our bilateral trade relations and increases our volume of export and opportunities for investment. EPB assists the women entrepreneur to showcase their products in the international arena in line with the government initiative of women empowerment. To encourage women entrepreneurs in the international arena, they are being given a maximum subsidy of 60% on the participation fees. It is worth mentioning that the Standard Operating Procedure (SOP) for participating in international trade fairs has been prepared with the assistance of the Netherlands-based business support organization CBI (Center for the Promotion of Imports from Developing Countries). Additionally, a separate desk has been created for startups and women entrepreneurs, providing a one-stop service.

স্থানীয় ব্যবস্থাপনায় রপ্তানি বাজার উন্নয়ন এবং নতুন বাজার অন্বেষণের জন্য নবনির্মিত স্থায়ী মেলা কমপেক্স "বঙ্গবন্ধু বাংলাদেশ চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টারে (বিবিসিএফইসি)" আন্তর্জাতিক সোর্সিং ধারার পণ্য ভিত্তিক বিশেষায়িত মেলা আয়োজন করা হচ্ছে । আশা করা যায় বিবিসিএফইসি এর মাধ্যমে দক্ষিণ এশিয়ায় "ঢাকা" কে একটি বাণিজ্য হাব হিসেবে গড়ে তোলা সম্ভব হবে।

ব্যুরোর বাজার সম্প্রসারণমূলক কর্মকান্ডের মাধ্যমে দেশের প্রধান প্রধান রপ্তানি পণ্য ও সম্ভাবনাময় রপ্তানি পণ্যকে প্রাধান্য দেয়া হয়। বাংলাদেশের প্রধান প্রধান রপ্তানি পণ্য যেমন- তৈরি পোশাক, নীটওয়্যার, হোম টেক্সটাইল, টেক্সটাইল ফেব্রিকস, সিরামিকস সামগ্রী, ফার্মাসিউটিক্যালস, কিচেন এবং হাউজওয়্যার পণ্য, পাদুকা ও চামড়াজাত পণ্য, জামদানী ও সিল্ক সামগ্রী, হস্তশিল্পজাত পণ্য, পাট ও বহুমুখী পাটজাত পণ্য, হিমায়িত খাদ্য (চিংড়ী), কৃষি এবং কৃষি প্রক্রিয়াজাত পণ্য (বিস্কুট, চানাচুর, জুস, আচার), বাই-সাইকেল, আইসিটি প্রোডাক্টস/সেবা, প্লাস্টিক পণ্য সহ প্রায় সকল পণ্যই আন্তর্জাতিক বাণিজ্য মেলায় প্রদর্শনের মাধ্যমে বাজার উন্নয়ন/বহুমুখীকরণ তথা রপ্তানি বৃদ্ধির প্রচেষ্টা নেয়া হচ্ছে। সরকারের রূপকল্প-২০২১-৪১, অষ্টম পঞ্চম বার্ষিকী পরিকল্পনা এবং রপ্তানি নীতি ২০২১-২৪ আলোকে ব্যুরো রপ্তানি সম্প্রসারণমূলক কার্যক্রম পরিচালনা করছে।

Specialized product-based international sourcing fairs, aimed at developing the export market and exploring new destinations, are being initiated and organized at the newly built Bangabandhu Bangladesh China Friendship Exhibition Center (BBCFEC) under the banner of the EPB. Through this BBCFEC, EPB will be able to establish Dhaka as a prominent trading hub in the South Asia region.

EPB emphasizes the potential and prime exportable items of the country through its market development activities. A diverse range of exportable items from Bangladesh, including readymade garments (woven and knitwear), home textiles, textile fabrics, ceramics, pharmaceuticals, kitchen and housewares, footwear and leather goods, silk products, handicrafts, jute goods, frozen food, agro-based products (biscuits, snacks), bicycles, IT products (software and services), etc., are showcased in the fair. This exhibition aims to strengthen existing markets and explore new ones, ensuring export growth in alignment with the Perspective Plan 2021-41, the 8th Five-Year Plan and Export Policy 2021-24 of the Government.



Bangladesh's participation in Seafood Expo Global-2023, Barcelona, Spain.

২০২২-২০২৩ অর্থবছরের জন্য অনুমোদিত মেলা ক্যালেন্ডার হতে ফিজিক্যাল ফরম্যাটে মোট ২৫টি মেলায় সাফল্যজনকভাবে অংশগ্রহণ করা হয়েছে। ২৫টি ফিজিক্যাল মেলায় অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশী অংশগ্রহণকারীগণ সর্বমোট ৩৪১.০০ মিলিয়ন মার্কিন ডলার রপ্তানি আদেশ লাভে সক্ষম হয়েছে। ফিজিক্যাল মেলাসমূহে উল্লেখযোগ্য সংখ্যক সম্ভাব্য বিদেশি ক্রেতাদের সাথে বি টু বি সভায় মিলিত হয়েছে যা অতিশীঘ্রই চূড়ান্ত রপ্তানি আদেশে পরিণত হবে মর্মে আশা করা যায়। অংশগ্রহণকারী মেলার সংক্ষিপ্তসার নিম্নের ম্যাট্রিক্সে উপস্থাপন করা হল :

| অর্থ বছর | বিভিন্ন মেলায় অংশগ্রহণ | | | | অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সংখ্যা | দেশের সংখ্যা | মেলায় প্রতিশ্রুত রপ্তানি আদেশ (মিলিয়ন মার্কিন ডলার) |
|---|---|---|---|---|---|---|---|
| | আন্তর্জাতিক বাণিজ্য মেলা (সোর্সিং ফেয়ার) | একক দেশীয় প্রদর্শনী | ক্রেতা মেলা | মোট | | | |
| ২০২২-২০২৩ | ২২টি | - | ০৩টি | ২৫টি | ৩৫৯টি | ১৬টি | ৩৪১.০০ |

During Fiscal Year 2022-23, EPB participated in 25 (twenty-five) fairs, Participants of those fairs received a substantial number of export orders equivalent to US$ 341.00 million. Additionally, the co-exhibitors of EPB also conducted numerous B2B meetings during the fairs, which are expected to result in further export orders in the near future. The following synopsis is in a matrix:

| F.Y. | Participation in the Fair | | | | Number of Participating Companies | No. of Countries | Export Order Received |
|---|---|---|---|---|---|---|---|
| | Sourcing Fair | Single Country Trade Fair | Consumer Fair | Total | | | |
| 2022-23 | 22 | - | 03 | 25 | 359 | 16 | 341.00 |



Bangladesh's participation in Malaysia Gift Show, Malaysia.

# Fair Calendar (2022-2023)

| Name and Subtitle of Event | City and Country | Duration |
|---|---|---|
| **Agro & Agro Processed Food :** | | |
| The 39th International Agriculture & Agro Industry Show, KSA | Riyadh, KSA | 17-20 October, 2022 |
| Agro world, Tashkent, Uzbekistan | Tashkent, Uzbekistan | 16-18 March, 2023 |
| Gulfood, Dubai, UAE | Dubai, UAE | February, 2023 |
| Anuga Food Fair, 2022, Germany | Cologne, Germany | October, 2022 |
| Foodex Saudi, Jeddah, KSA | Jeddah, KSA | 13-16 September, 2022 |
| Japan International Food Exhibition (JFEX) | Tokyo, Japan | 22-24 June, 2023 |
| SIAL India | New Delhi, India | 01-03 December, 2022 |
| SIAL Paris | Paris France | 15-19 October, 2022 |
| SIAL Canada | Toronto, Canada | 09-11 May, 2023 |
| Food Agro, Ethiopia | Addis Ababa, Ethiopia | 07-09 July, 2022 |
| Food Asia, Thailand | Bangkok, Thailand | 14-16 September, 2022 |
| Saudi International Halal Expo, KSA | KSA | 07-09 November, 2022 |
| **Book Fair** | | |
| Kolkata Book Fair-2022, Kolkata, India | Kolkata, India | November,2022 |
| **Furniture :** | | |
| Mebel, Tashkent, Uzbekistan | Tashkent, Uzbekistan | 13-15 April, 2023 |
| **General :** | | |
| IGF (Import Goods Fair)-2023, Seoul, Korea | Seoul, Korea | June, 2023 |
| China International Import Expo (CIIE), Shanghai | China | 05-10 November- 2022 |
| International Guwahati Trade Fair | Guwahati, Assam, India | -- |
| India International Trade Fair (IITF) | New Delhi, India | 19-29 August, 2022 |
| India International Mega Trade Fair, Kolkata, India | Kolkata, India | 18-28 December, 2022 |
| Kenya International Trade Exhibition | Nairobi, Kenya | 09-11 June, 2023 |
| Seoul International Sourcing Fair | Seoul, Korea | 29 September to 01 October, 2022 |
| | | March/April, 2023 Date not yet Fixed |
| Jakarta International Products Fair, Indonesia | Jakarta, Indonesia | 14-16 October, 2022 |
| 9th China International Fair for Trade in Services(CIFTIS), 2022, China | China | September, 2023 |
| India International Mega Trade Fair(IITF) | Mumbai, India | 07-17 October, 2022 |
| **Handicrafts :** | | |
| Gifts & Lifestyle Middle East, UAE | Dubai, UAE | 15-17 November, 2022 |
| Frankfurt International Trade Fair (Ambiente-2023), Germany. | Germany. | 03-05 February, 2023 |
| Lifestyle Week, Japan | Tokyo, Japan | 06-08 July, 2022 & 28-30 September, 2022 |
| MEGA SHOW Bangkok | Bangkok, Thailand | 15-17 July, 2023 |
| Asian Housewares & Kitchen Show (Mega Show Part-1, Hong Kong) | Hong Kong | 19-22 April 2023 |
| Malaysia Gift Show, Malaysia | Malaysia | 27-29 June, 2023 |
| **Home Textile :** | | |
| Heimtextil-Frankfurt, Germany | Germany | January, 2023 |
| Uzbekistan Textile and Fashion Fair, Tashkent, Uzbekistan | Tashkent, Uzbekistan | 27-29 April, 2022<br>08-10 September, 2022 |
| **ICT Products :** | | |
| Japan IT Week Spring, 2023 | Tokyo, Japan | 10-12 May , 2023 |
| World IT Show-2023, Coex, Seoul | Seoul, Korea | May, 2023 (Date not yet fixed) |
| Global Sourcing Association: The Festival of Sourcing.UK | UK | 5-8 July, 2022 |

| Name and Subtitle of Event | City and Country | Duration |
|---|---|---|
| **Leather Goods:** | | |
| Africa Shoes & Leather Rwanda | Kigali Rwanda | 18-20 August, 2022 |
| All China Leather Exhibition (ACLE), Shanghai, China | Shanghai, China | 31 Aug. to 02 Sep, 2022 |
| Poland Footwear & Leather Industry Show | Warsaw, Poland | 19-21 March, 2023 |
| Asia Pacific Leather Fair (APLF), Hongkong | Hongkong | 13-15 March, 2023 |
| **Plastics & Rubber:** | | |
| PPP Expo, Kenya | Nairobi, Kenya | 09-11 June, 2023 |
| **Pharmaceuticals:** | | |
| Medic West Africa, Nigeria | Nigeria | 7-9 Sep 2022 |
| Ethio Health Expo, Addis Ababa, Ethiopia | Addis Ababa, Ethiopia | 23-25 Feb 2023 |
| Arab Health, Dubai | Dubai | 30 Jan-02 Feb 2023 |
| Phar MED 2022, International Exhibition & Conference on Pharmaceutical and Medical Industry | Cambodia | 3-5 December 2022 |
| Africa Health, South Africa | South Africa | 26-28 Oct 2022 |
| **RMG:** | | |
| Apparel Sourcing Week, Bangalore, India | Bangalore, India | 01-02 July, 2022 |
| Texworld/International Apparel Sourcing/ Home Textile Sourcing Show, New York, USA | New York, USA | July-2022 |
| Apparel Textile Sourcing Canada (ATSC) | Toronto, Canada | 07-09 November, 2022 |
| Men's Apparels Guild in California, (MAGIC), Las Vegas, USA, | USA | 07-10 August, 2022<br>05-08 February, 2023 |
| Gotex Show International Textile Fair, Sao Paulo, Brazil | Brazil | September, 2022 |
| Texworld (and The International Apparel Sourcing Show), France | France | September, 2022<br>06-08 February, 2023 |
| Fashion world Tokyo, Japan | Japan | 18-20 October 2022<br>05-07 April, 2023 |
| Asia Apparel Expo, Berlin, Germany | Germany | 22-24 February, 2023 |
| AFF With Magic Sourcing, Tokyo, Japan | Tokyo, Japan<br>OSAKA, Japan | 07-09 September, 2022<br>11-13 April, 2023 |
| Fashion Industry Exhibition, St. Petersburg, Russia | St. Petersburg, Russia | October, 2022 |
| International Sourcing Expo Australia (ISEA) | Australia | 15-17 November, 2022 |
| Intertextile Shanghai Apparel Fabrics, Shanghai, China. | China | October, 2023 |
| International Apparel Sourcing Fair, Turkey | Istanbul, Turkey | November, 2022 |
| International Apparel, Textile and Footwear trade Exhibition, Cape Town, South Africa | Cape Town, South Africa | June, 2023 |
| 68th Cairo Fashion and Tex | Egypt | 15-18 October, 2022 |
| International Textile, Footwear and Accessories Show, Madrid, Spain | Madrid, Spain | February, 2023 |
| **Sea Food:** | | |
| Seafood Expo Global -2023 (Former European Seafood Exposition), Barcelona, Spain | Barcelona, Spain | 25-27, April, 2023 |
| Global Fisheries Forum & Sea food Expo-2022, St. Petersburg, Russia | St. Petersburg, Russia | 27-29 September, 2022 |
| Busan International Seafood & Fisheries Expo-2022 | Busan, South Korea | November, 2022 |
| Seafood Expo Asia, Singapore | Singapore | 14-16 September, 2022 |
| Japan Internatinal Seafood & Technology Expo 2022 | Tokyo, Japan | 24-26 August, 2022 |
| **Others :** | | |
| The 18th International Trade Exhibition for Printing & Packaging Technology | Riyadh, KSA | 06-09 June, 2023 |
| China South Asia Expo 2022/Canton Fair | Nanning, China | 15-24 October |
| Beauty World Saudi Arabia | Riyadh, KSA | 21-23 March, 2023 |
| Bangladeshi Immigrant Day and Trade Fair. New York, USA | New York, USA | 23-25 September, 2022 |
| Trade and Investment Fair-2022, Riyadh, KSA | Riyadh, KSA | 06-08 October, 2022 |
| **Single Country :** | | |
| Bangladesh Trade & Conference | London, UK | January/February -2023 |
| Bangladesh furniture & Interior Décor Expo (BFID) | Kolkata, India | February -2023 |
| Single Country, Canada. | Canada | June -2023 |

## তথ্য ও প্রকাশনা বিভাগ

দেশে-বিদেশে ব্যাপক প্রচারণার লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো রপ্তানি বিষয়ক বিভিন্ন প্রকার প্রকাশনা মুদ্রণ করে থাকে। মুদ্রিত প্রকাশনাসমূহ বাংলাদেশ মিশন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সরকারি দপ্তর, জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য প্রতিষ্ঠান, ট্রেড এসোসিয়েশন, শিল্প ও বণিক সমিতি, সেক্টর কর্পোরেশন ও নেতৃস্থানীয় রপ্তানিকারকদের মাঝে বিতরণ করা হয়। বাংলাদেশী পণ্যের প্রধান প্রধান বাজারে অগ্রাধিকারমূলক তথ্য সম্বলিত ব্রুশিউর মুদ্রণ ও বিতরণ করা হয়। বাংলাদেশ হতে রপ্তানিকৃত পণ্যের বাজার প্রবেশ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বিভিন্ন ধরনের ফরমও মুদ্রণ করা হয়।

**২০২২-২০২৩ অর্থবছরের মুদ্রিত প্রকাশনাসমূহ নিম্নরূপঃ**

রপ্তানি পরিসংখ্যান ২০২১-২২;

পকেট রপ্তানি পরিসংখ্যান ২০২১-২২;

বার্ষিক প্রতিবেদন ২০২১-২২;

দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন (বাংলাদেশ) লিঃ গাজীপুর হতে ১২৮০০০ (এক লক্ষ আটাশ হাজার) সেট বিভিন্ন ধরনের কান্ট্রি অফ অরজিন (সি.ও) ফরম;

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৩ উপলক্ষ্যে সুভেনির;

সিআইপি কার্ড প্রদান অনুষ্ঠান উপলক্ষ্যে প্রকাশনা সামগ্রী এবং

রপ্তানি ট্রফি প্রদান উপলক্ষ্যে প্রকাশনা সামগ্রী।

## Information and Publication Division

Export Promotion Bureau publishes different types of publications on export for effective & wide publicity of exportable both at home and abroad. Printed publications are sent to Bangladesh missions abroad, concerned ministries, government departments, national and international trade associations, chambers, sector corporations and leading exporters. Various types of Form are printed for the use of the exporters. In addition, export guidelines are printed to assist new and potential exporters. Brochures containing information on market access to major markets for Bangladeshi products are printed and distributed. Different types of forms are also printed for the purpose of gaining access to the market for products exported from Bangladesh.

**List of publications in FY 2022-2023 are given below :**

Export Statistics Book for the FY 2021-22;

Pocket Export Statistics Book for the FY 2021-22;

Annual Report for the FY 2021-22;

A total number of 1,28,000 (One lakh twenty eight thousand) set differnt types of Country of Origin Form printed from The Security Printing Corporation (BD) Ltd., Gazipur;

Souvenirs on the occasion of DITF-2023;

Documents on the CIP cards awarding ceremony; and

Documents on the National Export Trophy awarding ceremony.




Seminar on Practices ensuring the free flow of information and implementing the Right to Information Act, 2009 in EPB

## বাণিজ্য তথ্য কেন্দ্র (টিআইসি)

রপ্তানি প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর বাণিজ্য তথ্য কেন্দ্র (টিআইসি) ১৯৬৩ সাল থেকে কাজ করে আসছে। ২০০৭ সালে পুর্নগঠনের পর থেকে টিআইসি তথ্য প্রযুক্তির আধুনিক সুযোগ-সুবিধাসহ একটি নলেজ সেন্টার হিসেবে কাজ করে আসছে। জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ করা বাণিজ্য তথ্য কেন্দ্রের মূখ্য কাজ। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস ও কোন কোন ক্রেতার নিকট হতে সরাসরি প্রাপ্ত আমদানি সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও বিভিন্ন চেম্বার, এসোসিয়েশন ও রপ্তানিকারকদের মধ্যে বিতরন করা হয়ে থাকে। এটি মূলত: ক্রেতা ও রপ্তানিকারকের মাঝে তথ্য বিনিময়ের কেন্দ্র হিসেবে কাজ করে।

রপ্তানিকারক, ব্যবসায়ী, সাংবাদিক, গবেষক, শিক্ষক, এবং বাণিজ্য বিষয়ের বিভিন্ন ছাত্রছাত্রীগণ বাণিজ্য সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি সংগ্রহের জন্য ব্যুরোর বাণিজ্য তথ্য কেন্দ্র পরিদর্শন করে থাকে। প্রতিবেদনাধীন সময়কালে (২০২২-২০২৩) প্রায় ৩৫০০ জন ভিজিটর তথ্যকেন্দ্র পরিদর্শন করেন।

**এক নজরে টিআইসি'র সেবাসমূহঃ**

ম্যাগাজিন/সাময়িকী/পত্রিকা ও বইয়ের বিশাল সম্ভার;

পণ্য ও দেশভিত্তিক রপ্তানিকারক ও আমদানিকারদের তালিকা সংরক্ষণ;

রপ্তানিকারক ও আমদানিকারকদের বাণিজ্য সম্পর্কিত বিভিন্ন তথ্য প্রদান ;

রপ্তানি সংক্রান্ত বিভিন্ন ধরনের তথ্যসমুহের সিডি/ডিভিডি এর সংগ্রহ;

রপ্তানি বাণিজ্য সংক্রান্ত দৈনিক পত্রিকার ক্লিপিংস প্রয়োজনীয় ব্যবহারের উদ্দেশ্যে কার্যকরভাবে ও সুশৃঙ্খলভাবে সংরক্ষণ এবং

মার্কেট অ্যানালাইসিস টুলস (ট্রেড ম্যাপ, প্রোডাক্ট ম্যাপ, মার্কেট অ্যাক্সেস ম্যাপ, ট্রেড ইনভেস্টমেন্ট ম্যাপ ও ট্রেড কমপিটেটিভনেস ম্যাপ) সম্পর্কিত সচেতনতামূলক কার্যক্রম।

টিআইসি মূলত দুই ধরনের সেবা প্রদান করে থাকে, এর সমৃদ্ধ লাইব্রেরি থেকে একজন ভিজিটর মৌলিক তথ্যসমূহ পেতে পারে এবং অনলাইন সেবাসমূহ থেকে সাম্প্রতিক তথ্য ও অন্যান্য সেবা গ্রহণ করতে পারে।

**লাইব্রেরি সেবাসমূহ:** লাইব্রেরি সেবাসমূহের মাঝে উল্লেখযোগ্য গুলো হচ্ছে:

রপ্তানি তথ্য প্রদান/কনসালটেশন;

লাইব্রেরির বইসমূহ, রিপোর্ট, জার্নাল-ম্যাগাজিন তথা বিভিন্ন হার্ডকপি দ্বারা সেবা প্রদান এবং

## Trade Information Centre (TIC)

The Trade Information Centre (TIC) of EPB started its journey since 1963. It became a Centre of Knowledge with modern facilities of information technology after the renovation and refer basement was done in line with modern concept in 2007. Information collection on international and domestic trade and dissemination and preservation is one of the important tasks of TIC. Import information received directly from Bangladesh Embassy abroad and from some buyers is stored and distributed among various chambers, associations and exporters.TIC is mainly acting as Information bridge between buyers & exporters.

Exporters, businessmen, researchers, teachers, students of various universities and journalists are the regular visitors/users/clients and visits TIC frequently upgrad services. During the year 2022-2023, about 3500 users visited the Center for collecting trade related information

**TIC Services at a Glance:**

Wide range of magazines/periodicals/journals and books.

Product and country wise exporter & importer lists are preserved.

Provide trade related information to Exporters and Importers

A wide range of CD/DVD collection on Export information.

Effective and systematic news clippings from national daily news papers are preserved for necessary use

Awareness about five ITC Market Analysis Tools: Trade Map, Product Map, Market Access Map, Trade Investment Map and Trade Competitiveness Map.

TIC has two different types of services from which one visitor may have the access of basic information from its rich library or collect desired data/information from online services.

**Library Services:** Among Library Services the important ones are:

Export Information or Consultation;

Services using Books, Report, Journals- Magazines etc. of Library and

দেশের জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বাণিজ্য সংক্রান্ত তথ্যসমূহের ক্লিপিংস সংগ্রহ ও এগুলো থেকে বিভিন্ন তথ্য উপাত্ত গবেষণা ও অন্যান্য কাজে ব্যবহার ইত্যাদি।

■ **লাইব্রেরির সংগ্রহশালা:** বাণিজ্য তথ্য কেন্দ্র একটি বাণিজ্যিক লাইব্রেরি পরিচালনা করে যেখানে ব্যাপক সংখ্যক প্রকাশনা, যেমন- বই/পত্র-পত্রিকা/প্রতিবেদন/সাময়িকী আর্ন্তজাতিক বাণিজ্য বিষয়ক বিভিন্ন ধরনের পুস্তিকা, ট্যারিফ সিডিউল বিষয়ক প্রকাশনা সংরক্ষিত আছে।

■ **টিআইসি তে বর্তমানে সংরক্ষিত বইসমূহের ধরণ হলো:** রপ্তানি নির্দেশিকা; বাণিজ্য সংক্রান্ত বই; হার্মনাইজ্‌ড কমোডিটি ডেসক্রিপশন এন্ড কোডিং সিস্টেম; ট্রেড ডিরেক্টরী এক্সপোর্টার ও ইমপোর্টার; বার্ষিক প্রতিবেদন; বিভিন্ন মেলার উপর প্রতিবেদন; সিবিআই মার্কেট সার্ভে; ইয়েলোপেজ; পণ্যভিত্তিক প্রতিবেদন/গবেষণাপত্র; পরিসংখ্যান

১. ইপিবি এক্সপোর্ট স্টাটিসটিক্স,

২. ইমপোর্ট পেমেন্টস

৩. এক্সপোর্ট রিসিপ্টস,

৪. ফরেন ট্রেড স্টাটিসটিক্স; আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা'র প্রকাশনা, যেমন: আইসিটি, সিবিআই, বিশ্ব বাণিজ্য সংস্থা, বিশ্ব ব্যাংক, ইউরোপা ওয়ার্ল্ড ইয়ার বুক, এনসাইক্লোপিডিয়া, হারমোনাইজড সিস্টেম এক্সপ্লানেটরী নোটস ইত্যাদি।

Collection of news clippings of trade information published on National dailies and uses of those for research or other activities.

■ **Library archives:** Library archives: TIC maintains a Library in which it preserves a large number of publications like books/journals/reports/periodicals, Various pamphlets on international trade, publications on tariff schedules on trade & commerce international trade regulation.

■ **In TIC the various kinds of books are:** Export Guide; Trade related Books; Harmonized Commodity Description and Coding System; Fair Reports; Trade directory- Importer & Exporter; Annual Reports; Market Survey Yellow Pages, Reports/Research Papers on Commodities; Statistics-

1. EPB Export Statistics,
2. Import Payments,
3. Exports Receipts,

4. Foreign Trade Statistics; International Publications: ITC, CBI, WTO, World Bank, Europa World Year Book; Encyclopedia; Harmonized System Explanatory Notes UN Publications etc.



Partial view of Trade Information Center (TIC) of EPB

■ **পত্রপত্রিকাসমূহ:** বাণিজ্য তথ্য কেন্দ্র কর্তৃক সংরক্ষিত পত্রপত্রিকাসমূহকে তিনটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে:

**স্থানীয় পত্রপত্রিকাসমূহ:** স্পীনার্স নিউজ, পিসি ওর্য়াল্ড বাংলাদেশ; কম্পিউটার জগৎ; শিপিং নিউজ; বেসিস নিউজ এন্ড ভিউ ইত্যাদি;

**অ্যাসোসিয়েশন/পণ্যভিত্তিক পত্রপত্রিকা:** বিজিএমইএ নিউজলেটার, নীট বার্তা, ফার্মা ওয়ার্ল্ড, শ্রিম্প এন্ড ফিশ নিউজ, হরটেক্স নিউজ লেটার ইত্যাদি;

**আন্তর্জাতিক পত্রপত্রিকা:** দি ইকোনমিস্ট, ইনফোফিশ ইন্টারন্যাশনাল, সীফুড ইন্টার ন্যাশনাল নিউজ উইক, টাইম ইত্যাদি; এবং

**অন্যান্য পত্রপত্রিকা:** ACAB নিউজ, Midas নিউজ, কমার্স এন্ড ইন্ডাসট্রি ইত্যাদি।

■ ইপিবি ওয়েবসাইটে বাণিজ্য তথ্য: ইপিবি ওয়েবসাইটে ট্রেড ইনফরমেশন সেন্টার লিংক (www.epb.gov.bd/trade information center) পরিদর্শনের মাধ্যমে বাণিজ্য সংক্রান্ত তথ্য পেতে পারেন। এক্ষেত্রে About TIC & Services, Paper Clipping, Book Information Software, TIC Advertisement, Useful links, Feedback, Contact ইত্যাদি লিংকের মাধ্যমে তথ্য পাওয়া যাবে।

■ **Journals:** The Trade Information Centre has classified its Journals into three parts:

**Local Journals:** Spinners News, P.C. World Bangladesh; Computer Jagat; Shipping News; BASIS News & View etc;

**Association/Products journals:** BGMEA newsletter, Knit Barta, pharma world, Shrimp & fish news, Vortex newsletter etc;

**International Journal:** News week, Time, Info fish, The Economist, Info fish International etc Seafood International; and

**Other Journal:** ACAB news, Midas news, Commerce & Industry etc.

■ Trade Information on EPB website: Information may obtain through visiting the link, Trade Information Centre on EPB website (www.epb.gov.bd/trade information center). The information is categorized as: About TIC & Services, Paper Clipping, Book Information Software, TIC Advertisement, Useful links, Feedback, Contact.



## প্রশাসন ও অর্থ বিভাগ

ব্যুরোর প্রশাসন ও অর্থ বিভাগের কার্যক্রম প্রশাসন ও অর্থ শাখার মাধ্যমে সম্পাদন করা হয়। ব্যুরোর অন্যান্য বিভাগ/শাখার ন্যায় প্রশাসন ও অর্থ বিভাগ বিভিন্ন প্রকার প্রাতিষ্ঠানিক, অভ্যন্তরীণ ও নাগরিক সেবা প্রদান করে থাকে। প্রশাসন শাখার প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার মধ্যে উল্লেখযোগ্য হলো-মানব সম্পদ ব্যবস্থাপনা; প্রশাসনিক মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় এবং দপ্তর/অধিদপ্তর/সংস্থার সাথে লিয়াঁজো রক্ষা; স্থাবর-অস্থাবর সম্পত্তি ও নির্মাণ/পূর্ত কাজ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা; বিভিন্ন সভা/সেমিনার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন তদারকিকরণ; ব্যুরোর কার্যক্রম সংক্রান্ত মাসিক, বাৎসরিক এবং অন্যান্য প্রতিবেদন তৈরি ও প্রেরণ; বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন ও চুক্তিভুক্ত কর্মসমূহ বাস্তবায়ন তদারকিকরণ; ব্যুরোর মামলাসমূহ পরিচালনা; ওয়েবসাইট/ইন্টারনেট/কম্পিউটার নেটওয়ার্ক/ডি-নথিসহ আইসিটি সংক্রান্ত কার্যক্রম সম্পাদন; ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং বিভিন্ন প্রকার ক্রয় সম্পাদন; অফিস ভাড়া, অফিস নিরাপত্তা, আধুনিক কর্মপরিবেশ সৃষ্টি, এবং বিভিন্ন প্রকার ইউটিলিটি সার্ভিস নিশ্চিতকরণ ইত্যাদি। এছাড়া, ব্যুরোর প্রশাসন শাখার নাগরিক সেবার মধ্যে দেশের সর্ববৃহৎ বাণিজ্যিক ইভেন্ট (ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা) আয়োজন বিশেষভাবে উল্লেখযোগ্য। অপরদিকে, অর্থ শাখা কর্তৃক ব্যুরোর অর্থ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাদি, যেমন-খসড়া বাজেট প্রণয়ন, সকল

## Administration & Finance Division

The activities of the Administration & Finance Division of EPB are performed through the Administration & Finance sections. Like other divisions/sections of EPB, the Administration & Finance Division render various types of institutional, internal and citizen services. Institutional and internal services rendered by the Administration section include human resource management; liaison with administrative ministry and other related ministries/departments/ directorates/organizations; maintenance and management of movable and immovable property and construction work; organizing various meetings/seminars and monitoring the implementation of the decisions thereof; preparation and submission of monthly, annual and other reports relating to EPB activities; signing Annual Performance Agreement (APA) and supervision of implementation of activities under APA; legal affairs of EPB; ICT related activities; formulation of Annual Procurement Plan and execution of procurement accordingly; ensuring rental of office, sound working environment, office security and utility services etc. In addition, organizing the country's largest trade event - Dhaka International Trade Fair - is particularly noteworthy among the citizen services of EPB's administration section. On the other hand, the functions on financial management




Celebration of the birth aniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman

প্রকার আয়-ব্যয় ও স্থিতির রেকর্ড সংরক্ষণ, প্রাপ্তি ও পরিশোধ, নিরীক্ষা ইত্যাদি কার্যাবলী সম্পাদন করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে ব্যুরোর প্রশাসন ও অর্থ বিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ নিম্নরূপ:

are done by Finance Section. For instance, preparation of draft budget, record-keeping of all income and expenditures, receipts and payments, auditing etc. are performed by the Finance Section. Followings are the major activities as performed by the Administration and Finance Division during FY 2022- 2023:

১. প্রশাসনিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের জন্য Human Resources (HR) Pazroll & Accounts Software তৈরিকরণ;

1. Arranging Human Resources (HR) Payroll & Accounts Software to streamline administrative activities;

২. মাননীয় বাণিজ্যমন্ত্রীর সভাপতিত্বে গত ২১.০৮.২০২২ খ্রিঃ তারিখ ও ১৪.০৩.২০২৩ খ্রিঃ তারিখ যথাক্রমে ব্যুরোর পরিচালনা পর্ষদের ১৪৩তম ও ১৪৪তম সভা আয়োজন এবং উক্ত সভা ০২টির গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ;

2. 143rd & 144th Board of Directors' meeting were organized respectively on 21.08.2022 and 14.03.2023 with the Hon'ble Commerce Minister and Chairman of the Board in the chair, and necessary initiatives were taken for implementing decisions thereof;

৩. ব্যুরোর ১২টি মাসিক সমন্বয় সভা সফলভাবে আয়োজন এবং উক্ত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

3. Twelve Monthly Coordination Meetings were successfully held to monitor the implementation of different activities of the Bureau;

৪. ব্যুরোর সাংগঠনিক কাঠামোভুক্ত পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য বিভিন্ন গ্রেডের ০৭ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান;

4. As part of filling up vacancies in promotion quota, 07 officials of different grades were promoted to higher positions;




Celebration of the birth aniversary of Sheikh Russel

৫. ব্যুরোর সাংগঠনিক কাঠামোভুক্ত সরাসরি নিয়োগযোগ্য ৯ম গ্রেডভুক্ত ১৩ জন কর্মকর্তা, ১০ম গ্রেডভুক্ত ০১ জন কর্মকর্তা, ১১-১৬ গ্রেডভুক্ত ৫২ জন কর্মচারী এবং ১৭-২০ গ্রেডভুক্ত ২০ জন কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ;

5. Filling in 13 vacant posts of 09 grade, 01 vacant post of 10 grade, 52 vacant posts of 11-16 grades and 20 vacant posts of 17-20 grades through direct recruitment was completed;

৬. আগারগাঁও প্রশাসনিক এলাকায় ব্যুরোর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন "রপ্তানি উন্নয়ন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পটি ২০২২-২০২৩ অর্থবছরের আরএডিপি'তে অন্তর্ভুক্তকরণ;

6. The project titled "Export Promotion Bhaban" to be implemented with EPB's own financing at Agargaon Administrative Area has been included in the RADP of FY 2022-2023;




Proposed Export Promotion Bhaban

৭. ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহসহ তুরস্ক, সুইজারল্যান্ড ও নরওয়ে রপ্তানির ক্ষেত্রে প্রবর্তিত আওতায় রপ্তানিকৃত পণ্যের অরিজিন সংক্রান্ত স্টেটমেন্ট (Statement on Origin) মনিটরিং এর জন্য Data Matching Software তৈরিকরণ;

7. Developing a Data-matching Software for monitoring the Statement on Origin of products exported to EU countries, Turkey, Switzerland and Norway under the Registered Exporter (REX) system;



Monthly Co-ordination Meeting

৮. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন, ওয়েব সাইটে প্রকাশ ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন;

8. Aiming to improve financial and asset management, Annual Procurement Plan was prepared, uploaded in the website and executed it accordingly;



Seminar on D-filing



NIS award winner of EPB for the FY 2022-23

৯. ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে চুক্তি সম্পাদনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ। এপিএ বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এপিএ-এর ০৪টি ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি, মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ; এবং এপিএ বাস্তবায়ন সংশ্লেষে এপিএ টিমের ১২টি মাসিক সভা আয়োজন;

9. The bureau has signed the APA for the FY 2022-23 with the ministry of commerce.The aggrement has been uploaded on the EPB's website. To implement the APA, four quarterly reports were prepared and uploaded on the website after the required approval from the authority.

১০. ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) প্রণয়ন, মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ। এনআইএস বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এনআইএস-এর ০৪টি ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি, মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ; নৈতিকতা কমিটির ০৪টি সভা, শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে ০৪টি মত বিনিময় সভা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি সভা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি সভা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে ০৪টি সভা, এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণের লক্ষ্যে ০৪টি গণশুনানি আয়োজন;

10. EPB prepared and uploaded NIS for the FY 2022-23 and uploaded on the website. With a view to achieving NIS implementation target, quarterly APA reports were prepared, sent to the Ministry and uploaded on the website, meetings of NIS Morality Committee on NIS/best practices, meetings with the stakeholders/service takers about NIS/best practices, meetings with the stakeholders/service receivers informing about GRS, meetings informing about EPB's promised services delivery (Citizen Charter),meetings on establishing good governance and public hearings on strengthening transparency and accountability of EPB were held as well.

১১. সরকারের ডিজিটালাইজেশন কর্মসূচির আলোকে সর্বাধিক গুরুত্ব দিয়ে ডি-নথি ব্যবস্থাপনায় নথি নিষ্পত্তিকরণ;

11. The Bureau executes its regular business on e-file for speedy disposals.

১২. ব্যুরোর ২৩০ জন কর্মকর্তা/কর্মচারীর জন্য বিভিন্ন বিষয়ে ২৭৬৩ ঘন্টা ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন ইত্যাদি।

12. As many as 2763 hours in-house trainings on various issues were organized for 230 officials of EPB.

## রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রশাসনিক তহবিল

২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর অনুকূলে সরকারি অনুদান বাবদ ২৪,৪৭,৭১,০০০.০০ (চব্বিশ কোটি সাতচল্লিশ লক্ষ একাত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়। সরকারের ব্যয় সংকোচ নীতিমালার আওতায় বরাদ্দকৃত অর্থ হতে ১২,৩৫,০০০.০০ (বার লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা বিয়োজন করে অবশিষ্ট ২৪,৩৫,৩৬,০০০.০০ (চব্বিশ কোটি পঁয়ত্রিশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা রপ্তানি উন্নয়ন ব্যুরোর অনুকূলে অবমুক্ত করা হয়। অবমুক্ত অর্থ ব্যুরোর প্রশাসনিক তহবিলের আওতায় কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতাদি, কন্টিনজেন্ট কর্মচারীদের মজুরী, অফিস ভাড়া, ডাক, টেলিফোন ও ইন্টারনেট, হায়ারিং চার্জ (পরিবহন), ভ্রমন ভাতা, স্টেশনারি, মেরামত ও রক্ষনাবেক্ষণ, জ্বালানি, বিদ্যুৎ, ওয়াসা, সম্মানী, পরিচ্ছন্নতা কর্মীদের মজুরী, নিরাপত্তা প্রহরীদের মজুরী, অটোমেশন হোস্টিং ও রক্ষনাবেক্ষণ, আসবাবপত্র ক্রয়, কম্পিউটার ও আনুষাঙ্গিক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বৈদ্যুতিক সরঞ্জামাদি, কম্পিউটার সফটওয়্যার এবং রপ্তানি উন্নয়ন ভবন নির্মাণের আনুষাঙ্গিক ব্যয় করা হয়েছে।

## Export Promotion Bureau Administrative Fund

In FY 2022-2023 an amount of Tk. 24,47,71,000.00 (Twenty four crore forty seven lac seventy one thousand) was allocated in favor of Export Promotion Bureau as government grants. Under the policy of reducing Govt. expenditure an amount Tk. 12,35,000.00 (Twelve lac thirty five thousand) has been deducted out of the said allocated Tk. 24,47,71,000.00 (Twenty four crore forty seven lac seventy one thousand) and the rest of the money amounting to Tk. 24,35,36,000.00 (Twenty four crore thirty five lac thirty six thousand) was released in favor of Export Promotion Bureau to meet the expenditure for Officer / Staffs salaries & allowances, contingent staff wages, office rent, postage telephone & internet, Hiring charge (Transport), travelling allowances , stationery, repairs & maintenance, fuel , electricity, WASA , honorarium, office cleaners wages, hiring of security services, automation hosting & maintenance service, furniture, computer & accessories, ICT, electrical equipment, computer software and preparation expenses for construction of Export Promotion House.

## বাজার উন্নয়ন তহবিল

২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর রপ্তানি বাজার উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল কর্তৃক ব্যুরোর নিজস্ব তহবিল হতে ২৫,৫৪,৫০,০০০.০০ (পঁচিশ কোটি চুয়ান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দের অনুমোদন প্রদান করা হয়। উক্ত তহবিলের আওতায় স্টেশনারি, প্রচার ও বিজ্ঞাপন, মুদ্রণ ও প্রকাশনা, আপ্যায়ন, উপহার সামগ্রী ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ, জ্বালানি, সেমিনার ও ওয়ার্কসপ, জাতীয় রপ্তানি ট্রফি বিতরণ, বিদেশে প্রদর্শণী কেন্দ্র রক্ষণাবেক্ষণ, বাণিজ্য প্রতিনিধি/বাজার গবেষণা ও মিশন প্রেরণ/গ্রহণ, বিদেশে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ, সিআইপি কার্ড বিতরণ, প্রশিক্ষণ, গবেষণা ও বাজার জরিপ, রপ্তানি পণ্যের উন্নয়ন, উৎসব ও অনুষ্ঠানাদি বাবদ ২২,৩২,৮৪,৪২৩.০০ (বাইশ কোটি বত্রিশ লক্ষ চুরাশি হাজার চারশত তেইশ) টাকা ব্যয় করা হয়েছে।

## Market Development Fund

In FY 2022-2023 an amount of Tk. 25,54,50,000.00 (Twenty-five crore fifty lac fifty thousand) was approved by the Monitoring Cell of the Ministry of Finance for spending from the EPB's own fund to implement market development programs of Export Promotion Bureau. Out of this fund an amount totaling Tk. 22,32,84,423.00 (Twenty two crore thirty two lac eighty four thousand four hundred twenty three) has been spent to meet the expenditure for stationery, publicity & advertisement, printing and publication, entertainment, gift items, repairing & maintenance, fuel, seminar & workshop, National Export Trophy, display center maintenance in abroad, sending trade delegation, exploration of market, CIP card distribution ,training, research & market survey, development of exportable products and festival/ ceremony.

## আইসিটি সেল

বর্তমান সরকারের স্বপ্ন পূরণের নিমিত্ত রপ্তানি উন্নয়ন ব্যুরো সাশ্রয়ী, টেকসই ও বুদ্ধিদীপ্ত প্রযুক্তিভিত্তিক রপ্তানি সম্প্রসারণে কাজ করে যাচ্ছে। ব্যুরোর তথ্য প্রযুক্তি ভিত্তিক সক্ষমতা বৃদ্ধি, সেবা সহজিকরণ, ডিজিটাল নিরাপত্তা, সামাজিক সমতা ও সার্বজনীন প্রবেশাধিকার এবং রপ্তানি খাতে উৎপাদনশীলতা বাড়াতে বর্তমান সময়ে তথ্য প্রযুক্তি খাতের প্রয়োজনীয়তা অপরিহার্য। বাংলাদেশের অর্থনীতিকে সমৃদ্ধ করে রপ্তানি প্রবৃদ্ধি, নতুন বাজার অন্বেষণ, আন্তর্জাতিক বাজারে রপ্তানিতে বাংলাদেশী পণ্যের ব্রান্ডিং, ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ এবং এলডিসি হতে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে মোকাবেলা করতে আইসিটিকে সমন্বয় করে প্রতিনিয়তই ব্যুরো কাজ করে যাচ্ছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর আধুনিক প্রযুক্তির সমন্বয় এর মাধ্যমে রপ্তানি প্রবৃদ্ধিতে ব্যবসার প্রসারে তথ্য প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প-২০২১ এবং রূপকল্প-২০৪১ অনুযায়ী নাগরিকের দোরগোড়ায় সরকারের সেবা পৌঁছে দেওয়া এবং স্মার্ট বাংলাদেশ গঠনের নিমিত্তে আইসিটি শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে।

## ICT Cell

Export Promotion Bureau is working to expand cost-effective, sustainable and innovative technology-based exports to fulfill the vision of the government. Information technology (IT) based capacity building of EPB, service facilitation, digital security, social equity and universal access and increasing productivity in the export sector are essential in the current times. The EPB is constantly working to coordinate the ICT to meet the challenges of the 4th industrial revolution and the transition of Bangladesh from LDC to enriching the economy of Bangladesh, export growth, exploring new markets, branding Bangladeshi products in international markets. Information technology is playing an important role in the expansion of business in export growth through the coordination of modern technology of EPB. According to the Vision-2021 and Vision-2041 announced by the government, the ICT wing has taken necessary initiatives to deliver government services to the doorsteps of the citizens and to create Smart Bangladesh.



Innovation team visits of observing forth industried revolution activeties in Jute Sector

রপ্তানি উন্নয়ন ব্যুরোর তথ্য বাতায়ন, অভ্যন্তরীণ বিভিন্ন ধরণের এ্যাপ্লিকেশন সফট্ওয়্যার, সার্ভার, তথ্য, নেটওয়ার্ক ও কম্পিউটার সামগ্রী, ইনোভেশন কার্যক্রম ব্যবস্থাপনা, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন, বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ড এর তথ্য পর্যালোচনাপূর্বক রপ্তানি পরিসংখ্যান প্রস্তুতসহ অন্যান্য অনেক গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যুরোতে আইসিটি শাখা কাজ করে যাচ্ছে।

The ICT Cell is working in the bureau to carry out many other important activities, such as EPB's information, various types of internal application software, servers, information, network and computer materials, innovation program management, implementation of the National Information and ICT Policy-2018, preparation of export statistics after reviewing the data of Bangladesh Bank and National Revenue Board.

ব্যবসাবান্ধব পরিবেশ তৈরির জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর অনেক সেবা অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে। যেমন: Exporter Management System-এর মাধ্যমে ইইউভুক্ত দেশ ও যুক্তরাজ্যের জন্য সার্টিফিকেট অব অরিজিন ইস্যু ও ভ্যারিফিকেশন, রপ্তানিকারকদের নিবন্ধন প্রদান ও নবায়ন, সিআইপি এবং রপ্তানি ট্রফির জন্য আবেদন, Export Tracker, পে-স্লিপ এর মাধ্যমে সেবার ফি গ্রহণ ইত্যাদি। এছাড়াও রপ্তানি উন্নয়ন ব্যুরোর মার্কেট ইনটেলিজেন্সি বিষয়ক প্রমোশনাল ওয়েব সাইট ও ব্যুরোর নিজস্ব ওয়েব সাইটের মাধ্যমে রপ্তানি সংক্রান্ত পুস্তিকা, পরিসংখ্যান, বিভিন্ন ধরণের পোষ্টার, লিফলেট, বুকলেট ইত্যাদি প্রকাশ করা হয়।

Many of the manual services of the EPB are being provided online to create a business-friendly environment. For example, the verification and issuance of Certificate of Origin (CoO) for the UK & EU countries through Exporters management system, the issuance and renewal of enrollment of the exporters, applications for the CIP & Export Trophy, receipt of various services through pay-slip & Export Tracker, etc. Besides these, export related booklets, statistics, various types of posters, leaflets, Booklets are published on Market intelligence based promotional website & website of EPB.

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার ব্যুরোর কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত এবং সেবাসমূহ চালু রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

EPB's Action Plan has been formulated to meet the challenges of the Fourth Industrial Revolution. Innovative ideas implemented earlier, database of simplified and digitized services prepared and necessary initiatives taken to operationalize the services.

রপ্তানি উন্নয়ন ব্যুরো'র ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবনী পরিকল্পনার অংশ হিসেবে দেশের অভ্যন্তরে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ গত ১৯-২১ মে ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সরজমিনে (১) শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর (২) বেনাপোল স্থল বন্দর (৩) এম. ইউ. সি ফুডস লি. এবং (৪) আকিজ জুট মিলস, যশোর পরিদর্শন করা হয়।

As part of the innovative plan of EPB for the fiscal year 2022-2023, the innovative initiative implemented within the country was last 19-21 May 2023 (1) Sheikh Hasina Software Technology Park, Jeshore (2) Benapole Land Port (3) M. U. Sea Foods Ltd. and (4) Akij Jute Mills, Jessore were visited.

দাপ্তরিক কাজ/সেবা ইলেক্ট্রনিক পদ্ধতিতে নিরবচ্ছিন্নভাবে প্রদান করার জন্য ব্যুরোর প্রধান কার্যালয়ে ১৫০ এমবিপিএস এর ব্রডব্যাণ্ড এবং ওয়াইফাই লাইনের সুবিধা রয়েছে।

EPB has facility of 150 Mbps Broadband and Wi-Fi facility for uninterrupted provision of office work/services electronically.

রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য যাচাই বাছাই এর জন্য বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ড সাথে ব্যুরোর API (Application programming interface) ব্যবহার করে তথ্যের সত্যতা যাচাই করা হয়।

To verify the information's authenticity, EPB uses the API of Bangladesh Bank and the National Board of Revenue.

## বস্ত্র বিভাগ

রপ্তানি উন্নয়ন ব্যুরোর বস্ত্র বিভাগ বাংলাদেশ হতে তৈরি পোষাক ও অন্যান্য বস্ত্র সামগ্রী রপ্তানির ক্ষেত্রে  নিয়মিত বিভিন্ন সেবা প্রদান করে যাচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরে ১৮৩টি নতুন তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়। একই সময়ে মোট ১,৭২৩টি প্রতিষ্ঠানের নিবন্ধন নবায়ন করা হয়েছে। এ পর্যন্ত রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত সর্বমোট প্রতিষ্ঠানের সংখ্যা ৭,১১৭টি।

২০২২-২০২৩ অর্থবছরে তৈরি পোশাক রপ্তানির বিপরীতে প্রধান দপ্তরের বস্ত্র বিভাগ হতে নিউজিল্যান্ড, জাপান, রাশিয়া, কানাডা ও অস্ট্রেলিয়ায় মোট ৫৩,৪১৫টি জিএসপি এবং রিপাবলিক অব কোরিয়া, চীন, চিলি ও আপটাভুক্ত দেশসমূহে রপ্তানির ক্ষেত্রে ৩৮,৫০২টি সার্টিফিকেট অব অরিজিন, ভারত ও শ্রীলংকায় রপ্তানির ক্ষেত্রে ৩৭,৩২৭টি সাফটা এবং মেক্সিকোর অনুকূলে ৮টি এনেক্স-৩ সনদ ইস্যু করা হয়েছে।

ইউরোপীয় ইউনিয়ন এর প্রচলিত জিএসপি স্কিমের আওতায় ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ও সুইজারল্যান্ড, নরওয়ে ও তুরস্কে শুল্কমুক্ত রপ্তানির ক্ষেত্রে পদ্ধতিগত পরিবর্তন আনয়ন করা হয়েছে। পরিবর্তিত পদ্ধতিতে রপ্তানিকারী প্রতিষ্ঠান তাঁর

## Textile Division

The Textile Division of Export Promotion Bureau is providing various services to the Readymade Garments Manufactures and other textile products exporters from Bangladesh regularly. During fiscal year 2022-2023 a total of 183 new garments factories have been enrolled with EPB and 1,723 factories have got their enrollments renewed during the same period. At present the total number of enrolled garments factories with EPB is 7,117.

During FY 2022-2023 a total of 53,415 GSP Certificates were issued against the export of textile products to the New Zealand, Japan, Russia, Canada and Australia and a total of 38,502 Certificate of Origin (C.O) were issued for the export of Textile Products to Republic of Korea, China, Chile and APTA member countries. A total number of 37,327 SAFTA Certificates of Origin (C.O) and 8 Annex-III were issued for SAARC countries (India, Sri Lanka) and Mexico respectively.

Under the existing GSP Scheme of European Union a procedural change has been brought about in the field of duty-free export to European Countries, Switzerland, Norway and Turkey. Under the changed



Signing agreement session among the Export Promotion Bureau (EPB), the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), and the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association to develop the professional skills of ready-made garment (RMG) workers

রপ্তানিকৃত পণ্যের জন্য নিজেই কান্ট্রি অব অরিজিন সনদ (SoO) জারী করে। এ জন্য প্রতিটি রপ্তানিকারীকে ইউরোপীয় ইউনিয়নের ডাটা-বেইজ এ নিবন্ধিত হতে হয় যা Registered Exporter বা REX নামে পরিচিত।

system an exporting company itself (SoO) to issue a country of origin for its exported goods. For this reason, each exporter has to be registered with the data base of European Union which is known as Registered Exporter or REX.

উল্লেখ্য, REX এ নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহ কেবলমাত্র তাদের রপ্তানিকৃত পণ্যের সনদ জারী করতে পারে। যা Statement on Origin (SoO) হিসাবে পরিচিত। তবে রপ্তানি উন্নয়ন ব্যুরোর আমদানীকারক দেশের চাহিদার প্রেক্ষিতে এ সকল SoO এর ভ্যারিফিকেশন সংক্রান্ত কার্যাদি সম্পাদন করে। এ ব্যবস্থায়, বাংলাদেশী রপ্তানিকারক প্রতিষ্ঠানের REX নিবন্ধন প্রক্রিয়া বিগত ২১.০৭.২০১৯ তারিখ থেকে শুরু হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে বস্ত্রখাতের ২১৩টি রপ্তানিকারক প্রতিষ্ঠানের REX নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এ পর্যন্ত বস্ত্র খাতে মোট ২,৭৫৪টি গার্মেন্টস প্রতিষ্ঠান REX registration ভুক্ত হয়েছে।

It is worth mentioning that only the Registered Exporters (REX) can issue the Certificate named the Statement of Origin (SoO) Certificates for their exported goods. REX registration process for Bangladesh exporting companies has started on 21.07.2019. A total number of 213 Garments factories have completed REX registration, during FY 2022-2023. The total number of Registered Exporters (REX) Garments factories are 2754 till now.

ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে ২০২৩-২৪ অর্থবছর হতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সাথে রপ্তানিকারক প্রতিষ্ঠানের নতুন নিবন্ধন ও নবায়নের মেয়াদ বৃদ্ধি করে ১ (এক) বছরের পরিবর্তে ১-৫ (এক হতে পাঁচ) বছর নির্ধারণ করা হয়েছে এবং এই কার্যক্রম সম্পূর্ণরূপে Online-এ সম্পন্ন করা যাবে। এ লক্ষ্যে ব্যুরোতে Export Management System (EMS) সফটওয়্যার চালু করা হয়েছে।

To ensure the Ease of doing Business, Export Promotion Bureau has extended the duration of registration and renewal of RMG exporting companies from 1 to 5 years from FY 2023-24. This process will be executed fully online. EMS Software has been installed in the Bureau for this purpose.

**কমপ্লাইন্স মনিটরিং সেল (সিএমসি)** ঃ কমপ্লাইন্স মনিটরিং সেল (সিএমসি) এর আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিজিএমইএ-এর মাধ্যমে ১৯৮০জন এবং বিকেএমইএ-এর মাধ্যমে ৯৬০জন সহ সর্বমোট ২৯৪০ জন শ্রমিককে ৫(পাঁচ) দিন ব্যাপী প্রশিক্ষন প্রদান করা হয়। এছাড়াও তৈরি পোশাক শিল্পে কর্মরত ১০৫জন মিড লেভেল ম্যানেজার/কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এণ্ড টেকনোলজি-তে ০৬ মাস মেয়াদি মোট ০৩টি প্রফেশনাল গ্রাজুয়েশন ডিপ্লোমা প্রদান করা হয়।

**Compliance Monitoring Cell (CMC):** A total of 2940 garments workers were provided five day-long skill upgradation training in the FY 2022-2023. EPB implemented the govt skill development and upskilling drive. About 105 mid level managers took six (06) month long graduate diploma course in BGMEA University of Fashion and Tecnology in the diploma arrangement, there are PGD in export Business Management, Industrial Engineering and Manufacturing system and in Supply chain Management.



# বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার প্রকল্প

# Bangabandhu Bangladesh-China Friendship Exhibition Center Project

ঢাকার পূর্বাচলস্থ নবনির্মিত বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারটিতে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৩ সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। উক্ত এক্সিবিশন সেন্টারটিকে আন্তর্জাতিক ও সম্পূর্ণ প্রকৃতির রূপদানের জন্য আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট আরও নতুন অবকাঠামো নির্মাণ ও স্থাপনের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উক্ত প্রকল্পের মেয়াদ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বৃদ্ধি করা হয়েছে নির্মিতব্য নতুন অবকাঠামোসমূহের মধ্যে আছে আরও নতুন এক্সিবিশন হল,

Dhaka International Trade Fair (DITF)- 2023 has been succesefully organised in the newly built Bangabandhu Bangladesh-China Friedship Exhibition Center at Purbachal, Dhaka. Decisions have been made to build new structures for giving this center an international standard and complete nature. Ministry of Commerce approved the extension of the project period. Among the undergoing constructions, for drawing plan and design regarding building new exhibition hall, parking facility for 2000 Vehicles,

প্রায় ২,০০০ গাড়ী পার্কিংয়ের জন্য নতুন পার্কিং অবকাঠামো, বড় আকারের অডিটরিয়াম, আবাসিক হোটেল, ডরমিটরী, ওয়্যারহাউজ নির্মাণ প্রভৃতি। নতুন অবকাঠামো সমূহের প্ল্যান ও ডিজাইন প্রণয়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনসহ অন্যান্য প্রস্তুতিমূলক কার্যক্রম অব্যাহত আছে। রাজউকের বিদ্যমান মহাপরিকল্পনায় প্রকল্পের বরাদ্দকৃত ২০ একর থেকে ৬.১০ একর জমির মধ্যে ৬০ ফুট চওড়া সড়ক নির্মাণের বিধান রয়েছে। উল্লিখিত সড়ক নির্মাণের পরিকল্পনা প্রদর্শনী কেন্দ্রের জন্য উপযুক্ত অবকাঠামো নির্মাণের জন্য সুবিধাজনক নয় তবে ৬ দশমিক ১০ একর জমিতে নতুন অবকাঠামো নির্মাণের কাজ এখন পর্যন্ত শুরু করা যায়নি। এছাড়া এক্সিবিশন সেন্টারের সৌন্দর্য ও নিরাপত্তা বৃদ্ধির জন্য প্রধান প্রবেশ গেইট পুনঃনির্মাণ, বাউন্ডারি ওয়াল উঁচুকরণ, ল্যান্ডস্কেপিং সম্পাদন প্রভৃতি কার্যক্রম চলমান আছে।

ক) মূল ডিপিপি অনুযায়ী পূর্বে বরাদ্দকৃত ২০ একর জমিতে মূল এক্সিবিশন হল ও সংশ্লিষ্ট অবকাঠামোসমূহ চীন কর্তৃক নির্মান কাজ সম্পন্ন করা হয়েছে এবং চীনের নির্মিত অবকাঠামোসমূহ গত ০৭.০২.২০২১ খ্রিঃ তারিখে চীন কর্তৃক বাংলাদেশের নিকট বুঝিয়ে দেয়া হয়েছে। এক্সিবিশন সেন্টারটি বিভিন্ন প্রকার ইভেন্ট আয়োজনের জন্য প্রস্তুত বিধায় সেখানে ডিআইটিএফ-২০২২ ও ২০২৩ আয়োজন করা সম্ভব হয়েছে। আরও বিভিন্ন প্রকার প্রদর্শনী ইভেন্ট আয়োজিত হচ্ছে।

(খ) প্রকল্পের আরডিপিপি অনুযায়ী বরাদ্দকৃত নতুন জমিতে নির্মিতব্য নতুন সকল অবকাঠামো বাংলাদেশের অর্থ, ডিজাইন ও তত্ত্বাবধানে নির্মান করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান (Consultancy Firm) এবং প্ল্যান, ডিজাইন ও সুপারভিশন কাজ তদারকি করার জন্য ব্যক্তি পর্যায়ের ০৪জন (সিভিল, মেকানিক্যাল, প্রকিউরমেন্ট, ইলেকট্রিক্যাল) পরামর্শক ইতোমধ্যে নিয়োগ করা হয়েছে।

২য় পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত জমিতে বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার প্রকল্পের আওতায় নির্মিতব্য নতুন অবকাঠামোসমূহ কম্পোজিট আকারে নির্মাণ করা হবে সেগুলো নিম্নরূপঃ

(ক) দুই স্তরের বেজমেন্টে ১৬০০ (এক হাজার ছয়শত) কার পার্কিংয়ের ব্যবস্থা;

(খ) ২ (দুই) লক্ষ বর্গফুট জায়গা নিয়ে ০৪ (চার)টি এক্সিবিশন হল নির্মাণ;

spacious auditorium, residential hotel, dormitory, Warehouse, etc. consultancy firm selection process is underway. Keeping security purpose beautification in mind, constructing boundary walls and gates with upmost hight and gardening land escaping is undergoing. Activities are ongoing to organize upcoming DITF 2024 in this center like the previous year. Moreover, in the existing Master Plan of RAJUK, there is provision to construct 60 feet wide road between allotted 20 acres and 6.10 acres of land of the project. The plan to construct the said road is not in favor of construction of appropriate infrastructures for the exhibition center. Due to this, construction works of new infrastructures in the allotted 6.10 acres land could not be started till now.

(a) Construction of the main exhibition hall and related infrastructures on the previously allocated 20 acres of land as per the original DPP has been completed by China and the infrastructures built by China have been handed over to Bangladesh on 07.02.2021 AD. DITF-2022 and 2023 could be held there as the exhibition center is ready to host a variety of events. Various other exhibition and events are being organized.

(b) Consultancy Firm to construct all the new infrastructures to be built on the new land allotted as per the RDPP of Bangladesh under the finance, design and supervision of Bangladesh and 04 individuals (Civil, Mechanical, Procurement, Electrical) to supervise the plan, design and supervision work. Consultants have already been appointed.

The new infrastructures to be constructed under the Bangladesh-China Friendship Exhibition Center project on the allotted land in the 2nd phase will be constructed in composite form as follows:

(a) Provision of 1600 (one thousand six hundred) car parking on two levels basement;

(b) Construction of 04 (four) exhibition halls with an area of 2 (two) lakh square feet;

(গ) ১৫০০ (এক হাজার পাঁচশত) আসন বিশিষ্ট অডিটরিয়াম নির্মাণ;

(c) Construction of auditorium with 1500 (one thousand five hundred) seats;

(ঘ) ২৮০০ (দুই হাজার আটশত) বর্গফুট জায়গা নিয়ে ম্যানেজমেন্ট অফিস নির্মাণ;

(d) Construction of management office with an area of 2800 (two thousand eight hundred) square feet;

(ঙ) ৪৫০০০ (পয়তাল্লিশ হাজার) বর্গফুট জায়গা নিয়ে ওয়্যারহাউস নির্মাণ এবং

(e) Construction of warehouse with an area of 45000 (forty-five thousand) square feet and

(চ) ৩০০০০ (ত্রিশ হাজার) বর্গফুট জায়গা নিয়ে ডরমেটরী নির্মাণ।

(f) Construction of dormitory with an area of 30000 (thirty thousand) square feet.

উপরোক্ত অবকাঠামোসমুহের সমস্ত প্রকার সুযোগ সুবিধাদি নিশ্চিত করে প্রকল্পে নিয়োগপ্রাপ্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রাথমিকভাবে প্রাক্কলিত ব্যয়ের পরিমান প্রায় ১৮৫০ কোটি টাকা হবে মর্মে জানানো হয়েছে।

It has been informed that the initial estimated cost of the project by ensuring all types of facilities will be about 1850 core taka.

### সেন্টারের সুবিধাসমূহ

সেন্টারে তৈরী মোট ফ্লোর স্পেসঃ ৩৩,০০০ বর্গ মিটার এক্সিবিশন বিল্ডিংয়ের মোট ফ্লোর স্পেস ২৪,৩৭০ বর্গ মিটার, এক্সিবিশন হলের মোট আয়তন ১৫,৪১৮ বর্গ মিটার, দোতলা পার্কিং বিল্ডিংয়ের মোট পার্কিং স্পেস ৭,৯১২ বর্গ মিটার, এক্সিবিশন হলে মোট স্টল/বুথ সংখ্যা ৮০০টি, প্রতিটি বুথের আয়তন ৯.৬৭ বর্গ মিটার। এ ছাড়াও রয়েছে: (১) ৪৭৩ আসন বিশিষ্ট ১টি মাল্টি ফাংশনাল হল (২) ৫০ আসন বিশিষ্ট একটি কনফারেন্স রুম (৩) ০৬টি নেগোশিয়েশন/মিটিং রুম (৪) ৫০০ আসন বিশিষ্ট ক্যাফেটরিয়া/রেস্টুরেন্ট (৫) শিশুদের খেলার স্পেস (৬) নামাজের কক্ষ (৭) অফিস রুম ০২টি (৮) মেডিকেল রুম (৯) ডরমিটরী/গেষ্ট রুম (১০) ১৪১টি টয়লেট (১১) বিল্ট ইন পাবলিক এড্রেস সিস্টেম (১২) নিজস্ব ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট (১৩) স্টোর রুম (১৪) সিসিটিভি কন্ট্রোল রুম (১৫) অটোমেটেড সেন্ট্রাল এসি সিস্টেম (১৬) ইনবিল্ট ইন্টারনেট/ওয়াই-ফাই (১৭) আধুনিক অগ্নি নির্বাপন ব্যবস্থা (১৮) আলাদা রেজিস্টেশন হল (১৯) আধুনিক ফোয়ারা (২০) ইন বিল্ট পতাকা স্ট্যান্ড (২১) রিমোট কন্ট্রোল্ড/ইলেকট্রনিক প্রবেশ গেইট (২২) জেনারেটর ইত্যাদি।

### Facilities of the center

Total floor area is 33,000 sqm (square meter), total floor area in Exhibition Building is 24,370 sqm, total floor area for Exhibition Hall is 15,418 sqm, One two storied parking building for 500 cars (area 7,912 sqm), At the open space 1000 cars (approx.) Total number of booth is 800 (9.67 sqm each) along with these the Other facilities are: (1) Multi-functional convention hall with seating capacity of 473 persons, (2) Conference room with seating capacity of 50 persons, (3) 06 B2B Meeting room, (4) Cafeteria with seating capacity of 500 persons, (5) Children's playground, (6) Prayer Room, (7) 2 Office rooms, (8) Medical room, (9) Guest room for officials, (10) 141 Toilet, (11) Built-in public address system, (12) Water treatment plant, (13) Store room, (14) CCTV Control room, (15) Automatic central air condition, (16) Inbuilt internet/WIFI, (17) Modem fire control system, (18) Separate registration hall, (19) Mordern water fountain, (20) In built flag stand, (21) Automated entrance gate, (22.) Generator, etc.

# আঞ্চলিক ও শাখা কার্যালয়সমূহের কার্যক্রম

## আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম

চট্টগ্রাম হলো বাংলাদেশের প্রধান বন্দর নগরী। বন্দর নগরীকে কেন্দ্র করে এখানে তিনটি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল প্রতিষ্ঠিত হয়েছে। এগুলো হলো চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, কর্ণফুলি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং কোরিয়ান রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল। তাছাড়া চট্টগ্রামের মিরসরাই-এ একটি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা হচ্ছে এবং একটি গভীর সমুদ্র বন্দর স্থাপনের কাজও চলমান রয়েছে। চট্টগ্রাম বন্দরকে ঘিরে অনেকগুলো ভারী শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়েছে। এ সকল কারণে দেশের ও বিনিয়োগকারীদের নিকট বাণিজ্য ও বিনিয়োগের জন্য চট্টগ্রাম হলো আদর্শ স্থান।

চট্টগ্রাম অঞ্চলের প্রধান রপ্তানি পণ্য হলো-তৈরী পোশাক, জুতা, চিংড়ি, হিমায়িত মাছ, প্রক্রিয়াজাত খাদ্য, শুকনা খাদ্য সামগ্রী, স্লিপিং ব্যাগ, মেটাল স্ক্র্যাপ, ডিফমরড বার, পেট বোতল চিপস, প্লাষ্টিক সামগ্রী, তাঁবু, ইলেক্ট্রনিক সামগ্রী, গ্লোভস, ডক্টরস এপ্রোন, গলফ সাফট, তিল বীজ, বাইসাইকেল, চামড়া, টেরিটাওয়েল, কটন ব্যাগ, গ্লাস, গরুর নাড়িভুড়ি, রাইস ব্রান ওয়েল, শাকসবজি, পাট ও পাটজাত পণ্য, চা, ক্যারিং ব্যাগ, কাঁকড়া, রশি, জিঙ্ক অক্সাইড, হাইড্রোজেন পারঅক্সাইড ইত্যাদি।

**সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা**

স্থানীয় প্রশাসন ও বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে রপ্তানি ও অন্যান্য বিষয়ে যোগাযোগ রক্ষা ও মতবিনিময়

**সেমিনার**

জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচী (এনইটিপি) ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় রপ্তানি উন্নয়ন ব্যুরো (রউব্যু), চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে বিগত ২৮.০২.২০২৩ ইং তারিখে বেলা ১১.০০ টায় জুম প্লাটফর্মে "International Risk Management & Payment Procedures for Exports" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। রপ্তানি উন্নয়ন ব্যুরো, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের পরিচালক জনাব শারমিন আক্তার উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস-চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জনাব এ.এইচ.এম. আহসান। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজিএমইএ'র প্রথম সহ-সভাপতি জনাব সৈয়দ নজরুল ইসলাম; সেমিনারটি পরিচালনা করেন ব্যুরোর পরিচালক জনাব কুমকুম সুলতানা। সেমিনারের রিসোর্স পার্সন হিসেবে সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ব্যাংক, ঢাকা'র যুগ্মপরিচালক জনাব মোহাম্মদ আরাফাত আলী। সেমিনারে বিভিন্ন

# Activities of the Regional and Branch Office

## Regional Office, Chattogram

Chattogram is the main Port City of Bangladesh. There are three Export Processing Zones based on Port City named Chattogram Export Processing Zone, Karnaphuli Export Processing Zone and Korean Export Processing Zone. Another Economic Zone is going to be established at Mir Sarai in Chattogram and a deep sea port is also going to be established. There are so many heavy industries located around the Chattogram Port. Because of these reasons the port city of the country is an ideal place for both the domestic and foreign trade and investment.

Footwear, shrimps, frozen fish, processed foods, dry foods, sleeping bags, metal scrap, deformed bar, pet bottle chips, plastic goods, tent, electronic goods, gloves, doctors' apron, golf shaft, sesame seeds, bicycle, leather, terry towel, cotton rags, float glass, omasum, rice bran oil, vegetables, jute and jute goods, tea, Carrying bags, Crabs, ropes, zinc oxide, Hydrogen peroxide etc. are the significant export products of Chittagong Region.

**Communication with government and non-government organizations**

Communication has been made with local administration and non-government organization regarding export and others issues.

**Seminar**

Under the National Export Training Program (NETP) FY 2022-2023, a seminar on 'International Risk Management & Payment Procedures for Exports' was held virtually on 28.02.2023 which was organized by EPB's Chattogram Branch Office.Mrs. Sharmin Akhter, Director of Export Promotion Bureau of Chattogram Branch Office presided over the seminar. Mr. A.H.M. Ahsan, Vice-Chairman of Export Promotion Bureau (Additional Secretary) graced the occasion as the chief guest. Mr. Syed Nazrul Islam, first vice president of BGMEA, was present as a special guest in the seminar. The director of Export Promotion Bureau Mrs. Kumkum Sultana conducted the seminar. Mr. Mohammad Arafat Ali, Joint Director of Bangladesh Bank, Dhaka, was the resource person of this seminar. In the seminar 69 delegates were virtually present from various public-private, autonomous institutions, banks, insurance Company,



Regional Office Director is seen meeting with exporters

সরকারী-বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা, বিজিএমইএ, বিকেএমইএ, বিটিটিএলএমইএ এবং রপ্তানিকারক প্রতিষ্ঠানসহ ৬৯ জন প্রতিনিধি জুমপ্লাটফর্মে উপস্থিত ছিলেন।

BGMEA, BKMEA, BTTLMEA and exporting organization.

### কারখানা পরিদর্শন

প্রধান কার্যালয়ের নির্দেশনায় নতুন রপ্তানিকারক প্রতিষ্ঠান নিবন্ধন ও REX নম্বর প্রদানের লক্ষ্যে রপ্তানিকারক প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনসমূহ ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হয়েছে।

### Visit of industry

The export-oriented industries have been visited for registration/ new enrollment and allocating REX number to the exporters as per the instructions of EPB's Head office. Inspection reports have been sent to the EPB's Head Office for necessary action.

### সার্টিফিকেট অব অরিজিন

বিশ্বের বিভিন্ন দেশে তৈরী পোশাক ও অন্যান্য পণ্য সামগ্রী রপ্তানির বিপরীতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয় থেকে সার্টিফিকেট অব অরিজিন (সি.ও), এ্যানেক্স-III, সাপটা, সাফটা, আপটা ও কেপিটি ইত্যাদি সনদ ইস্যু করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর শাখা কার্যালয় হতে বিভিন্ন ধরণের সনদ জারীর সংখ্যা নিম্নরূপঃ

| সনদের নাম | সংখ্যা |
|---|---|
| সাপটা ও সাফটা | ৪১২০টি |
| কেপিটি | ৩০৫৪টি |
| আপটা | ১৮৪টি |
| চায়না সি.ও. | ১৭৬২টি |
| মেক্সিকো সি.ও. (এ্যানেক্স-III) | ২১টি |
| চিলি সি.ও. | ৮৬৩টি |
| থাইল্যান্ড | ০৪ টি |
| **মোট=** | **১০০০৮ টি** |

### Certificate of Origin

Certificate of Origin (CO), Annex-III, SAPTA, SAFTA, APTA & KPT Certificates were issued from EPB's Chattogram Office against each consignment of the exporters belonging to readymade garments and other products to different countries of the world. The following number of certificates were issued from Export Promotion Bureau, Chattogram office during the year of FY 2022-2023:

| Name of the Certificates | Quantity |
|---|---|
| SAPTA & SAFTA | 4120 Nos |
| KPT Certificates | 3054 Nos |
| APTA (CO) | 184 Nos |
| China (CO) | 1762 Nos |
| C.O for Mexico (Annex-III) | 21 Nos |
| Chile C.O. | 863 Nos |
| Thailand. | 04 Nos |
| **Total=** | **10008 Nos** |

### জিএসপি সার্টিফিকেট

শিল্পোন্নত দেশসমূহ স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যে জিএসপি স্কীমের আওতায় শুল্ক মুক্ত বাজার সুবিধা প্রদান করে থাকে। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হিসেবে এ স্কীমের আওতায় শুল্কমুক্ত সুবিধা পেয়ে থাকে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর শাখা কার্যালয় হতে তৈরী পোশাক, নীটওয়্যার, হোম টেক্সটাইল, চিংড়ি, চা, পাটজাত দ্রব্য, জুতা ও অন্যান্য সামগ্রী ইইউ দেশসমূহসহ জাপান, সুইজারল্যান্ড, নরওয়ে, অস্ট্রেলিয়া, বেলারুশ, রাশিয়া, তুরস্ক ও অন্যান্য দেশে রপ্তানির বিপরীতে ২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম শাখা কার্যালয় হতে ৬৬০৭টি জিএসপি সনদ (টেক্সটাইল) এবং ৭৯৪টি জিএসপি সনদ (নন-টেক্সটাইল) জারী করা হয়, যার বিবরন নিম্নরূপঃ

| সনদের নাম | সংখ্যা |
|---|---|
| জিএসপি সনদ (টেক্সটাইল) | ৬৬০৭ টি |
| জিএসপি সনদ (নন-টেক্সটাইল) | ৭৯৪ টি |

### রপ্তানিকারক নিবন্ধন ও নবায়ন

রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে সেবা গ্রহণকারী রপ্তানিমুখী সকল তৈরী পোশাক শিল্পসহ বস্ত্র শিল্প প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে ব্যুরোর সাথে নিবন্ধিত হতে হয়। প্রতি বছর নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে নতুন নিবন্ধন প্রদান এবং পুরাতন নিবন্ধন নবায়ন করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম শাখা কার্যালয় হতে নিম্নোল্লিখিত সংখ্যক নিবন্ধন সনদ জারী ও নবায়ন করা হয়ঃ

| নিবন্ধন (টেক্সটাইল ও নন টেক্স | সংখ্যা |
|---|---|
| নিবন্ধন (নতুন) | ৩২ টি |
| নিবন্ধন নবায়ন | ৪২০ টি |

### দর্শনার্থী

উল্লেখযোগ্য সংখ্যক রপ্তানিকারক, ব্যবসায়ী, সাংবাদিক, গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রছাত্রী বাণিজ্য সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি সংগ্রহের জন্য ব্যুরোর চট্টগ্রাম শাখা কার্যালয় পরিদর্শন করে থাকেন। তারা রপ্তানি সংশ্লিষ্ট তথ্য, বুকলেট, বুলেটিন সংগ্রহ করেন। ২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম কার্যালয়ে প্রায় ৩৩০ জন দর্শনার্থী আগমন করেন। তাদের চাহিদা মোতাবেক বিদেশী আমদানিকারকদের ঠিকানা, পণ্যের তথ্যাদি, বিভিন্ন দূতাবাসের ঠিকানা ও বিবিধ প্রচারপত্র বিতরণ/সরবরাহ করা হয়।

### GSP certificate

Industrially developed countries provide duty free market access under Generalized System of Preferences (GSP) Scheme to the least developed and developing countries for accelerating the economic growth and the idustrialization process. Bangladesh as an LDC country, enjoys duty free market access under GSP scheme. Total 6607 GSP certificates (for Textile items) and 794 GSP certificates (for non-Textiles items) were issued from Export Promotion Bureau, Chattogram Branch Office against shipments of RMG, Knitwear, Home Textiles, Frozen Foods Tea, Leather, Jute products, Sports Shoes, Handicrafts and other exportable products to EU countries, Japan, Switzerland, Norway, Australia, Belarus, Russia, Turkey and other countries during the period of 2022-2023.

| Name of the Certificates | Quantity |
|---|---|
| GSP Certificate (Textile) | 6607 Nos |
| GSP Certificate(Non Textile) | 794 Nos |

### Registration & renewal

Export-oriented all Garments Industries including textile units and other exporters who receive service from EPB, have to be enrolled with the Export Promotion Bureau. New enrollment is subjected to required fees and the enrollment has to be renewed every year by providing enrollment renewal fees. New following units were enrolled and enrolments certificates were renewed from EPB Branch Office during F.Y 2022-2023.

| Name of the Certificates | Quantity |
|---|---|
| Enrollment (New) | 32 Nos |
| Enrollment Renewal | 420 Nos |

### Visitor

A significant number of exporters, businessmen, journalists, researchers, University teachers & students visit EPB, Chittagong office regularly for collecting various information on trade related issues. During FY 2022-2023 about 330 visitors visited EPB's Chattogram office for collecting export related information, bulletin, booklets, leaflets etc. According to their demands, list of foreign importer/buyer along with their addresses, market rate of commodities, Embassy's address, leaflets etc. were provided to them.

# আঞ্চলিক কার্যালয়, খুলনা

এ অঞ্চলের বাগেরহাটের মংলায় একটি সমুদ্র বন্দর আছে, যা দেশের দ্বিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর। এ এলাকার মংলায় একটি রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (ইপিজেড) আছে, যা যথেষ্ঠ পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ করেছে। খুলনাকে সুন্দরবনের প্রবেশদ্বার হিসেবে বিবেচনা করা হয়। সুন্দরবন পৃথিবীর বৃহত্তম বনাঞ্চল এবং রয়েল বেঙ্গল টাইগার এর আবাসস্থল। খুলনা দেশের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল। এলাকায় প্রধান শিল্পখাত হলো পাট ও পাটজাত দ্রব্য, কেমিক্যাল, সাদামাছ ও সামুদ্রিক মাছ, মাছ প্রক্রিয়াজাতকরণ, চিনি, বিদ্যুৎ উৎপাদন, জাহাজ নির্মাণ ইত্যাদি।

### রপ্তানি পণ্য

কাঁচাপাট ও পাটজাত পণ্য, হিমায়িত খাদ্য (চিংড়ি ও মাছ), কাঁকড়া (জীবিত/হিমায়িত), মাটিরটালী, হস্তশিল্পজাত পণ্য, রাইস ব্রান, রাইস ব্রান ওয়েল, ঝাটার শলা, তিল ও তিলের তৈল, ড্রায়েড শ্রীম্প শেল ইত্যাদি। এ পণ্যগুলোর বেশীর ভাগ মংলা সমুদ্র বন্দর এবং বেনাপোল স্থলবন্দরের মাধ্যমে রপ্তানি হয়ে থাকে।

### বাণিজ্যিক অনুসন্ধান ও তথ্যাদি প্রচার

আন্তর্জাতিক বাজারে বাংলাদেশি বিভিন্ন পণ্যের চাহিদা সম্পর্কে ব্যুরো'র প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত সকল বাণিজ্যিক অনুসন্ধান ও তথ্য এ অঞ্চলের শিল্প ও বণিক সমিতি, পাট ও পাটজাত পণ্য রপ্তানিকারক সমিতি, হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতিসহ অন্যান্য সমিতি এবং রপ্তানিকারক/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট বিতরণ করা হয়েছে। রপ্তানি সম্পর্কিত তথ্যাদি জানার জন্য

# Regional Office, Khulna

Bagerhat has a seaport at Mongla which is the second largest seaport in the country. This area has an Export Processing Zone (EPZ) which has been a significant hub for foreign investment. Khulna is also regarded as the gateway to the Sundarbans, the world's largest mangrove forest and home of the Royal Bengal Tiger. Khulna is the third largest economic region of the country. Major industrial sectors of this area are: Jute and Jute goods, Chemical, Fish and Sea foods, Food processing, Sugar, Power generation, Ship building etc.

### Export products

Raw Jute and Jute goods, Frozen Foods (Shrimps and fish), Crab, Clay-Tiles, Handicrafts, Rice Bran, Rice Bran Oil, Broom Stick, Sesame Seeds and Sesame Seeds Oil, Dried Shrimps Shell etc.-major portion of these items are being exported through Mongla Seaport and Benapole Landport.

### Dissemination of Trade Enquiry

All Commercial inquires and information received from the Head office of the Bureau about the demand for various Bangladeshi products in the international market have been disseminated to different exporting industries and merchant associations, Jute and Jute products exporters' associations, Frozen food exporters' associations and other associations and



Regional Office Director is seen meeting with exporters

আগ্রহী উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তি, ব্যবসায়ী, রপ্তানিকারক অত্র কার্যালয় পরিদর্শন করেন। তাদের চাহিদা মোতাবেক রপ্তানি সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি তাদেরকে প্রদান করা হয়েছে।

exporters business organizations of the region. A significant number of people, traders, and exporters visit the office to know the information related to exports. They have been provided with necessary information related to exports as per their needs.

**রপ্তানি পরিসংখ্যান সংগ্রহ ও প্রধান কার্যালয়ে প্রেরণ**

**Collection of export statistics and forward it to head office**

মংলা, বেনাপোল, দর্শনা ও ভোমরা শুল্ক কর্তৃপক্ষ হতে প্রাপ্ত রপ্তানি পরিসংখ্যান এবং খুলনা অঞ্চলের হিমায়িত খাদ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে প্রতি মাসে প্রাপ্ত রপ্তানি তথ্যের সমন্বয়ে রপ্তানি বিবরণী প্রস্তুত করে ব্যুরো'র প্রধান কার্যালয়ের পরিসংখ্যান বিভাগে নিয়মিতভাবে প্রেরণ করা হয়েছে।

Export statements prepared on the basis of data received from Mongla, Benapole, Darshana and Bhomra Customs office and monthly export data received from Frozen Foods exporters of Khulna region are provided to the statistics division of EPB, Dhaka on regular basis.

**বিভিন্ন সনদপত্র জারিকরণ ও ফরম বিক্রি**

**Issuance of different Certificates and selling of concerned forms**

(ক) সাফটা চুক্তির আওতায় বিগত ২০২২-২০২৩ অর্থবছরে এ আঞ্চলিক অফিস হতে মোট: ৯,৬৭১টি সাফটা সনদ (সিও) ইস্যু এবং ১০টি সনদ রি-ইস্যু করা হয়েছে। আলোচ্য সময়ে এ অফিস হতে মোট: ১০,২১৭ সেট সাফটা (সিও) ফরম বিক্রি করা হয়েছে।

(a) 9671 numbers of SAFTA Certificates (CO) were issued under the SAFTA agreement, and 10 certificates were re-issued from this office During the fiscal year 2022-2023 .10217sets of SAFTA certificate forms were sold from this office during the same period of time;

(খ) সাপটা চুক্তির আওতায় উক্ত সময়ে এ অফিস হতে মোট ১৭৮ টি সাপটা সনদ ইস্যু করা হয়েছে। আলোচ্য সময়ে মোট ১৭৫ সেট সাপটা (সিও) ফরম বিক্রি করা হয়েছে।

(b)During the same fiscal year 178 numbers of SAPTA certificates were issued under the SAPTA agreement. 175 sets of SAPTA certificate form were sold during the same period of time;

(গ) আপটা চুক্তির আওতায় উক্ত অর্থবছরে এ অফিস হতে মোট ২২টি আপটা সার্টিফিকেট ইস্যু করা হয়েছে। আলোচ্য সময়ে মোট ২৫ সেট আপটা (সিও) ফরম বিক্রি করা হয়েছে।

(c) 22 numbers of APTA certificates were issued from this office. At the same time 25 sets of APTA form were sold from the office;

ঘ) ইইউ ভুক্ত দেশসমূহের জিএসপি স্কীমের আওতায় উক্ত অর্থবছরে এ অফিস হতে মোট ১৭৭টি জিএসপি সনদ ইস্যু, ০১টি সনদ রি-ইস্যু করা হয়েছে। আলোচ্য সময়ে এ অফিস হতে মোট ৪৭৩ সেট জিএসপি ফরম (ফরম-এ) বিক্রি করা হয়েছে।

d) Under EU GSP scheme 177 numbers of GSP certificates were issued, and 01 certificate was re-issued during the same fiscal year. At the same time 473 sets of GSP Form (Form-A) were sold from this office;

(ঙ) গণপ্রজাতন্ত্রী চীন সরকার কর্তৃক প্রদত্ত শুল্কমুক্ত সুবিধা (এসপিটি) এর আওতায় উক্ত অর্থবছরে এ অফিস হতে মোট ১,৩২৫টি এসপিটি সার্টিফিকেট ইস্যু ও ০৭টি সনদ রি-ইস্যু করা হয়েছে। আলোচ্য সময়ে মোট ১১২৪ সেট এসপিটি (সিও) ফরম (চীন) বিক্রি করা হয়েছে।

(e) 1325 numbers of Special Preference Treatment Certificate were issued, 07 certificates were re-issued from this office during the same fiscal year under the Special Preference Treatment (SPT) facility granted by the People's Republic of China. 1124 sets of SPT form (China CO) were sold during the same period of time;

(চ) বিগত অর্থবছরে এ অফিস হতে মোট ৩৬টি কোরিয়ান সার্টিফিকেট অব অরিজিন (কেপিটি) ইস্যু করা হয়েছে এবং মোট ৪৩ সেট কেপিটি ফরম বিক্রি করা হয়েছে।

(f) 36 numbers of Korean Certificate of Origin (KPT) were issued from this office. At the same time, 43 sets of Korean Certificates were sold from this office and

(ছ) বিগত অর্থবছরে এ অফিস হতে মোট ০১টি চিলি সার্টিফিকেট অব অরিজিন ইস্যু করা হয়েছে এবং মোট ০২ সেট চিলি ফরম বিক্রি করা হয়েছে।

(G) 0ne Chile Certificate of Origin was issued during the same fiscal year. At the same time, 02 sets of Chile Form were sold from this office.

**নন-টেক্সটাইল পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধন (২০২২-২০২৩)**

অত্র এলাকায় অবস্থিত নন-টেক্সটাইল পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধনের জন্য তাদের নিকট হতে প্রাপ্ত ৭৭টি আবেদনপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। একই সময়ে অত্র কার্যালয় হতে ২৫৮টি নন-টেক্সটাইল পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ নবায়ন করা হয়েছে।

**সেমিনার**

২০২২-২০২৩ অর্থবছরে খুলনা কার্যালয়ের উদ্যোগে ০১(এক)টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে, যার বর্ণনা নিম্নরূপ:

সেমিনারের শিরোনাম, স্থান ও তারিখ

পাট চাষের উন্নয়ন, প্যাকেজিং এবং বাজার উপযোগীকরণ

স্থান: বাংলাদেশ জুট এসোসিয়েশন, দৌলতপুর, খুলনা।

**Registration for the exporters of non-textile products (2022-23)**

A number of 77 applications received from the exporters of non-textile products of this area were sent to the head office for registration. Registration certificates of 258 non-textile exporters were renewed during the same period of time.

**Seminar**

In 2022-23 fiscal year the following 01(one) seminar was organized by this Branch Office:

Title of seminar, venue & date

Development packaging and marketing of Jute cultivation.

Venue: Bangladesh Jute Association, Daulatpur, Khulna.

## আঞ্চলিক কার্যালয়, রাজশাহী

একটি দেশের অর্থনৈতিক সমৃদ্ধি বহুলাংশে নির্ভর করে সেই দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের উপর। আর এই বৈদেশিক মুদ্রা অর্জনের অন্যতম উৎস হচ্ছে রপ্তানি বাণিজ্য।

রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী দপ্তরের দৈনন্দিন কার্যক্রমের অন্যতম হচ্ছে এ অঞ্চলের রপ্তানিকারকদের রপ্তানিযোগ্য পণ্যসমূহ শুল্কমুক্ত সুবিধার আওতায় বিদেশের বাজারে প্রবেশাধিকারে সহযোগিতা করা। এ কারণে রাজশাহী দপ্তর অত্র অঞ্চলের রপ্তানিকারকদের অনুকূলে শুল্কমুক্ত সুবিধা প্রাপ্তি সংক্রান্ত বিভিন্ন ধরনের সনদ ইস্যু করে থাকে।

